প্রথম পদ্ধতি: তিন অক্ষরবিশিষ্ট اَلْفِعْلُ الْمَاضِىْ থেকে اَلْفِعْلُ الْمُضَارِعُ এর সীগাহসমূহ গঠন করতে হলে প্রথমে عَلَامَةُ الْمُضَارِعِ তথা مُضَارِعٌ এর চারটি চিহ্ন أ ـ ت ـ ي ـ ن এর যেকোনো একটি فِعْل مَاضِىْ এর সীগার শুরুতে যোগ করে শেষাক্ষরে পেশ দিতে হয় এবং فَاء كَلِمَةْ-কে সাকিন করতে হয়। عَيْن كَلِمَةْ তে বাব অনুসারে যবর, যের ও পেশ হয়। যেমন- نَصَرَ থেকে يَنْصُرُ ; فَتَحَ থেকে يَفْتَحُ ; ضَرَبَ থেকে يَضْرِبُ ইত্যাদি।

দ্বিতীয় পদ্ধতি: চার অক্ষরবিশিষ্ট اَلْمَاضِىْ থেকে اَلْفِعْلُ الْمُضَارِعُ এর সীগাহসমূহ গঠন করতে হলে فِعْل مَاضِىْ -এর প্রথমে عَلَامَةُ الْمُضَارِع যোগ করতে হয় এবং عَلَامَةُ الْمُضَارِع টি ضَمَّة তথা পেশবিশিষ্ট হয় আর كَلِمَةْ فَاء তে فَتْحَة দিতে হয়।

যেমন- بَعْثَرَ থেকে يُبَعْثِرُ ও قَنْطَرَ থেকে يُقَنْطِرُ

আর চার অক্ষরবিশিষ্ট فِعْل مَاضِىْ এর প্রথম অক্ষর যদি হামযা হয়, তাহলে فِعْل مُضَارِع-এর সীগাহ গঠনের সময় হামযা বিলুপ্ত হয়ে যায়।

যেমন- أَكْرَمَ থেকে يُكْرِمُ ও أَخْرَجَ থেকে يُخْرِجُ ইত্যাদি।

তৃতীয় পদ্ধতি: فِعْل مَاضِىْ তে যদি অক্ষর সংখ্যা চারের বেশি হয়; সেক্ষেত্রেও عَلَامَةُ الْمُضَارِع টি فَتْحَة (যবর) বিশিষ্ট হয়। যেমন-

تَسَرْبَلَ থেকে يَتَسَرْبَلُ ও تَقَبَّلَ থেকে يَتَقَبَّلُ এবং اِجْتَنَبَ থেকে يَجْتَنِبُ ইত্যাদি।

بَيَانُ الْفِعْلِ الْمُضَارِعِ اَلْمَنْفِى

নাবাচক বর্তমান/ভবিষ্যৎকালীন ক্রিয়ার বর্ণনা

পরিচয় : اَلْمَنْفِى এর আভিধানিক অর্থ- নাবাচক। পরিভাষায় যে فِعْل দ্বারা বর্তমান বা ভবিষ্যৎ কালের কোনো কাজ না করা বা না হওয়া বোঝায়, তাকে اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمَنْفِىُّ বলে। যেমন- لَايَنَامُ (সে ঘুমায় না)।

গঠন প্রণালী : اَلْفِعْلُ الْمُضَارِعُ اَلْمُثْبَتُ এর পূর্বে না অর্থবোধক لَا অব্যয় যোগ করলে اَلْفِعْلُ الْمُضَارِعُ اَلْمَنْفِىّ গঠিত হয়। এ অবস্থায় مُضَارِعُ-এর শব্দে কোনো পরিবর্তন হয় না। তবে অর্থের ক্ষেত্রে হ্যাঁবাচকের পরিবর্তে নাবাচক হয়।

যেমন- يَجْتَهِدُ থেকে لَايَجْتَهِدُ (সে চেষ্টা করে না বা করবে না)।

بَيَانُ الْفِعْلِ الْمُضَارِعِ اَلْمَنْفِيِّ بِلَمِ الْجُحُوْدِ

অস্বীকৃতিজ্ঞাপক لَمْ যোগে নাবাচক ভবিষ্যৎকালীন ক্রিয়ার বর্ণনা

পরিচয়: যে فِعْل দ্বারা অতীত কালে কোনো কাজ না করা বা না হওয়ার দৃঢ়তা প্রকাশ করা হয়, তাকে اَلْفِعْلُ الْمُضَارِعُ اَلْمَنْفِيُّ بِلَمِ الْجُحُوْدِ বলে। যেমন- لَمْ يَغْسِلْ (সে গোসল করেনি)। অতীত কালের কোনো কাজের অস্বীকৃতির ক্ষেত্রে اَلْمَنْفِيُّ بِلَمِ الْجُحُوْدِ ব্যবহার করা হয়। এরূপ فِعْل শব্দগতভাবে مُضَارِع-এর হলেও এটি মূলত اَلْفِعْلُ الْمَاضِيْ اَلْمَنْفِيُّ অর্থ দেয়। যেমন- مَاضَرَبَ (সে প্রহার করেনি)। তবে উভয়ের মধ্যে পার্থক্য হলো, اَلْمَنْفِيُّ بِلَمْ এর অর্থের মাঝে না করার বা না হওয়ার অস্বীকৃতি পাওয়া যায়।

গঠন প্রণালী : اَلْفِعْلُ الْمُضَارِعُ এর সীগার পূর্বে অস্বীকৃতিজ্ঞাপক لَمْ যোগ করলেই اَلْفِعْلُ الْمُضَارِعُ اَلْمَنْفِيُّ بِلَمِ الْجُحُوْدِ গঠিত হয়। لَمْ-টি اَلْفِعْلُ الْمُضَارِعُ এর পূর্বে এসে চার প্রকার পরিবর্তন সাধন করে। যথা-

১. فِعْلُ مُضَارِعُ-এর অর্থকে فِعْل مَاضِيْ مَنْفِى-এর অর্থে পরিণত করে।

২. لَمْ পাঁচটি সীগার শেষে সাকিন প্রদান করে; যদি শেষ বর্ণ حَرْفُ صَحِيْحُ হয়। সীগাগুলো হলো-

ক. لَمْ يَفْعَلْ যেমন- وَاحِد مُذَكَّر غَائِب

খ. لَمْ تَفْعَلْ যেমন- وَاحِد مُؤَنَّث غَائِب

গ. لَمْ تَفْعَلْ যেমন- وَاحِد مُذَكَّر حَاضِر

ঘ. لَمْ أَفْعَلْ যেমন- وَاحِد مُتَكَلِّم

ঙ. لَمْ نَفْعَلْ যেমন- جَمْع مُتَكَلِّم

৩. শেষ বর্ণে حَرْفُ الْعِلَّةِ হলে তা বিলোপ করে দেয়। যেমন- يَخْشٰى থেকে لَمْ يَخْشَ এবং يَدْعُو থেকে لَمْ يَدْعُ ইত্যাদি।

৪. لَمْ সাতটি সীগাহ থেকে نُوْن إِعْرَابِى কে বিলোপ করে দেয়। সীগাহগুলো হলো-

تَثْنِيَة এর চারটি সীগাহ যথা-

ক. لَمْ يَفْعَلَا -যেমন تَثْنِيَة مُذَكَّر غَائِب

খ. لَمْ تَفْعَلَا -যেমন تَثْنِيَة مُؤَنَّث غَائِب

গ. لَمْ تَفْعَلَا -যেমন تَثْنِيَة مُذَكَّر حَاضِر

ঘ. لَمْ تَفْعَلَا -যেমন تَثْنِيَة مُؤَنَّث حَاضِر

جَمْع এর দুটি সীগাহ। যথা-

চ. لَمْ يَفْعَلُوْا -যেমন جَمْع مُذَكَّر غَائِب

ছ. لَمْ تَفْعَلُوْا -যেমন جَمْع مُذَكَّر حَاضِر

وَاحِدْ এর একটি যথা-

ঙ. لَمْ تَفْعَلِىْ -যেমন وَاحِدْ مُؤَنَّث حَاضِر

দুটি সীগার শেষে কোনো পরিবর্তন হয় না। যথা-

ক. لَمْ يَفْعَلْنَ -যেমন جَمْع مُؤَنَّث غَائِب

খ. لَمْ تَفْعَلْنَ -যেমন جَمْع مُؤَنَّث حَاضِر

بَيَانُ الْفِعْلِ الْمُضَارِعِ اَلْمَنْفِىّ بِلَنِ التَّاكِيْدِ

দৃঢ়তাজ্ঞাপক لَنْ যোগে নাবাচক ভবিষ্যৎকালীন ক্রিয়ার বর্ণনা

পরিচয় : যে فِعْل দ্বারা ভবিষ্যৎ কালে কোনো কাজ সংঘটিত না হওয়া বা না করার দৃঢ়তা প্রকাশ করা হয়, তাকে اَلْفِعْلُ الْمُضَارِعُ اَلْمَنْفِىّ بِلَن التَّاكِيْدِ বলে। যেমন- لَنْ يَّفْعَلَ (সে কখনো করবে না)।

গঠন প্রণালী : اَلْفِعْلُ الْمُضَارِعُ এর পূর্বে নাবাচক لَنْ যোগ করলে اَلْفِعْلُ الْمُضَارِعُ اَلْمَنْفِىّ بِلَن التَّاكِيْدِ গঠিত হয়।

لَنْ-এর বৈশিষ্ট্য: لَنْ-এর আমল হলো-

১. لَنْ এসে مُضَارِع-কে مُسْتَقْبِلُ তথা ভবিষ্যৎ কালের অর্থ প্রদানে নির্দিষ্ট করে দেয় এবং ভবিষ্যৎ কালে কোনো কাজ কখনো না হওয়া বা না করার ব্যাপারে নিশ্চয়তা প্রদান করে।

২. لَنْ এসে فِعْل مُضَارِعُ-এর পাঁচটি সীগাহ বা রূপের শেষে নসব দেয়। সীগাগুলো হলো-

ক. وَاحِد مُذَكَّر غَائِب যেমন- لَنْ يَّفْعَلَ খ. وَاحِد مُؤَنَّث غَائِب যেমন- لَنْ تَفْعَلَ

গ. وَاحِد مُذَكَّر حَاضِر যেমন- لَنْ تَفْعَلَ ঘ. وَاحِد مُتَكَلِّم যেমন- لَنْ أَفْعَلَ

ঙ. جَمْع مُتَكَلِّم যেমন- لَنْ نَفْعَلَ

৩. সাতটি সীগাহ থেকে نُوْن إِعْرَابِي কে বিলোপ করে দেয়। সীগাগুলো হলো-

ক. اَلتَّثْنِيَة-এর চারটি সীগাহ। যথা- لَنْ يَّفْعَلَا ـ لَنْ تَفْعَلَا ـ لَنْ تَفْعَلَا ـ لَنْ تَفْعَلَا

খ. جَمْع مُذَكَّر غَائِب ও جَمْع مُذَكَّر حَاضِر এর দুটি সীগাহ।

যেমন- لَنْ يَّفْعَلُوْا - لَنْ تَفْعَلُوْا

গ. وَاحِد مُؤَنَّث حَاضِر-এর একটি সীগাহ। যথা- لَنْ تَفْعَلِيْ

৪. দুটি সীগার শেষে কোনো পরিবর্তন হয় না। সীগা দুটি হলো-

ক. جَمْع مُؤَنَّث غَائِب যেমন- لَنْ يَّفْعَلْنَ খ. جَمْع مُؤَنَّث حَاضِر যেমন- لَنْ تَفْعَلْنَ

بَيَانُ الْفِعْلِ الْمُضَارِعِ اَلْمُؤَكَّد بِلَامِ التَّاكِيْدِ وَنُوْنِ التَّاكِيْدِ

নিশ্চয়তাজ্ঞাপক لام ও نون যোগে ভবিষ্যৎকালীন ক্রিয়ার বর্ণনা

পরিচয় : যে فِعْل দ্বারা ভবিষ্যৎ কালে নিশ্চিতভাবে কোনো কাজ করবে বা করা হবে বোঝায়, তাকে اَلْفِعْلُ الْمُضَارِعُ اَلْمُؤَكَّد بِلَامِ التَّاكِيْدِ وَنُوْنِ التَّاكِيْدِ বলা হয়।

গঠন প্রণালী : مُضَارِعُ-এর সীগাসমূহের শুরুতে لَامُ التَّاكِيْدِ এবং শেষে نُوْنُ التَّاكِيْدِ যোগ করলে اَلْفِعْلُ الْمُضَارِعُ اَلْمُؤَكَّد بِلَامِ التَّاكِيْدِ وَنُوْنِ التَّاكِيْدِ-এর সীগাহসমূহ গঠিত হয়; لَامُ التَّاكِيْد সর্বদা যবরযুক্ত হয়। যেমন- لَيَذْهَبَنَّ (সে নিশ্চয়ই যাবে)।

نُوْنُ التَّاكِيْدِ-এর প্রকার : نُوْنُ التَّاكِيْدِ দু প্রকার । যথা-

১. نُوْنُ ثَقِيْلَةِ তথা তাশদীদবিশিষ্ট নূন। ২. نُوْنُ خَفِيْفَةِ তথা সাকিনবিশিষ্ট নূন।

نُوْنُ التَّاكِيْدِ ১৪টি সীগাহতে نُوْنُ ثَقِيْلَةِ আসে। আর ৮টি সীগাহতে نُوْنُ خَفِيْفَةِ আসে। আসলে ৭টি সীগাহ হতে نُوْنُ الْإِعْرَابِ বিলুপ্ত হয়। তা হলো- تَثْنِيَّة -এর চারটি ; جَمْع مُذَكَّر -এর ২টি এবং وَاحِدْ مُؤَنَّثْ حَاضِر – এর ১টি সীগাহ। جَمْع مُذَكَّرْ حَاضِر ও غَائِب

نُوْنُ خَفِيْفَةِ ও نُوْنُ ثَقِيْلَةِ -এর পূর্বের হরফে ৫টি সীগাতে فَتْحَةْ হয়। সীগাহগুলো হল-

	نُوْنُ ثَقِيْلَةِ	نُوْنُ خَفِيْفَةِ
১. = وَاحِد مُذَكَّرْ غَائِبْ	لَيَفْعَلَنَّ	لَيَفْعَلَنْ
২. = وَاحِد مُؤَنَّثْ غَائِبْ	لَتَفْعَلَنَّ	لَتَفْعَلَنْ
৩. = وَاحِد مُذَكَّرْ حَاضِرْ	لَتَفْعَلَنَّ	لَتَفْعَلَنْ
৪. = وَاحِدْ مُتَكَلِّمْ	لَأَفْعَلَنَّ	لَأَفْعَلَنْ
৫. = جَمْع مُتَكَلِّمْ	لَنَفْعَلَنَّ	لَنَفْعَلَنْ

آর جَمْع مُذَكَّر غَائِب ও جمع مذكر حاضر -এর واو টি এবং واحد مؤنث حاضر - এর ياء - টি বিলুপ্ত হয়ে যাবে। যেমন–

خَفِيْفَةْ	ثَقِيْلَةْ
لَيَفْعَلُنْ	لَيَفْعَلُنَّ
لَتَفْعَلُنْ	لَتَفْعَلُنَّ
لَتَفْعَلِنْ	لَتَفْعَلِنَّ

আর نُوْنُ ثَقِيْلَةِ -টি الف -এর পরে আসলে كَسْرَة বিশিষ্ট হবে। আর অন্য সীগাহগুলোতে فَتْحَة বিশিষ্ট হবে। نُوْنُ خَفِيْفَةِ যে ৮টি সীগাহর মধ্যে আসে সেগুলো হলো–

১- وَاحِد مذكر غائب ২- جمع مذكر غائب ৩- وَاحِد مؤنث غائب ٤- وَاحِد مذكر حاضر
٥- جمع مذكر حاضر ٦- وَاحِد مؤنث حاضر ٧- وَاحِد متكلم ٨- جمع متكلم

تَصْرِيْفُ الْفَعْلِ الْمُضَارِعِ اَلْمُثْبَت لِلْمَعْرُوْفِ

হ্যাঁ-বাচক বর্তমান ও ভবিষ্যৎকালীন কর্তৃবাচক ক্রিয়ার রূপান্তর

تَصْرِيْفٌ : রূপান্তর	مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
يَنْصُرُ	সে (একজন পুরুষ) সাহায্য করছে/করবে	وَاحِد مُذَكَّر غَائِبْ
يَنْصُرَانِ	তারা (দু'জন পুরুষ) সাহায্য করছে/করবে	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
يَنْصُرُوْنَ	তারা (সকল পুরুষ) সাহায্য করছে/করবে	جَمْعْ مُذَكَّر غَائِبْ
تَنْصُرُ	সে (একজন স্ত্রী) সাহায্য করছে/করবে	وَاحِد مُؤَنَّث غَائِبْ
تَنْصُرَانِ	তারা (দু'জন স্ত্রী) সাহায্য করছে/করবে	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
يَنْصُرْنَ	তারা (সকল স্ত্রী) সাহায্য করছে/করবে	جَمْعْ مُؤَنَّث غَائِبْ
تَنْصُرُ	তুমি (একজন পুরুষ) সাহায্য করছো/করবে	وَاحِد مُذَكَّر حَاضِرْ
تَنْصُرَانِ	তোমরা (দু'জন পুরুষ) সাহায্য করছো/করবে	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
تَنْصُرُوْنَ	তোমরা (সকল পুরুষ) সাহায্য করছো/করবে	جَمْعْ مُذَكَّر حَاضِرْ
تَنْصُرِيْنَ	তুমি (একজন স্ত্রী) সাহায্য করছো/করবে	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
تَنْصُرَانِ	তোমরা (দু'জন স্ত্রী) সাহায্য করছো/করবে	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
تَنْصُرْنَ	তোমরা (সকল স্ত্রী) সাহায্য করছো/করবে	جَمْعْ مُؤَنَّث حَاضِرْ
أَنْصُرُ	আমি (একজন পুরুষ/স্ত্রী) সাহায্য করছি/করব	وَاحِد مُتَكَلِّمْ
نَنْصُرُ	আমরা (দু'জন/সকল পুরুষ/স্ত্রী) সাহায্য করছি/করব	جَمْعْ مُتَكَلِّمْ

تَصْرِيْفُ الْفِعْلِ الْمُضَارِعِ اَلْمُثْبَت لِلْمَجْهُوْلِ

হ্যাঁ-বাচক বর্তমান ও ভবিষ্যৎকালীন কর্মবাচক ক্রিয়ার রূপান্তর

গঠন প্রণালী : مُضَارِعُ مَجْهُوْلْ হতে مُضَارِعُ مَعْرُوْفْ গঠন করতে হয়। عَلَامَةُ الْمُضَارِعْ -তে পেশ এবং عَيْنْ كَلِمَةْ -তে যবর না থাকলে যবর দিতে হয় এবং لَامْ كَلِمَةْ কে পূর্বের অবস্থায় বহাল রাখলে مُضَارِعُ مَجْهُوْلْ গঠিত হয় । যেমন- يَفْعَلُ থেকে يُفْعَلُ ।

تَصْرِيْفٌ : রূপান্তর	مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
يُنْصَرُ	সে (একজন পুং) সাহায্যপ্রাপ্ত হচ্ছে বা হবে	وَاحِد مُذَكَّر غَائِبْ
يُنْصَرَانِ	তারা (দু'জন পুং) সাহায্যপ্রাপ্ত হচ্ছে বা হবে	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
يُنْصَرُوْنَ	তারা (সকল পুং) সাহায্যপ্রাপ্ত হচ্ছে বা হবে	جَمْعْ مُذَكَّر غَائِبْ
تُنْصَرُ	সে (একজন স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হচ্ছে বা হবে	وَاحِد مُؤَنَّث غَائِبْ
تُنْصَرَانِ	তারা (দু'জন স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হচ্ছে বা হবে	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
يُنْصَرْنَ	তারা (সকল স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হচ্ছে বা হবে	جَمْعْ مُؤَنَّث غَائِبْ
تُنْصَرُ	তুমি (একজন পুং) সাহায্যপ্রাপ্ত হচ্ছো বা হবে	وَاحِد مُذَكَّر حَاضِرْ
تُنْصَرَانِ	তোমরা (দু'জন পুং) সাহায্যপ্রাপ্ত হচ্ছো বা হবে	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
تُنْصَرُوْنَ	তোমরা (সকল পুং) সাহায্যপ্রাপ্ত হচ্ছো বা হবে	جَمْعْ مُذَكَّر حَاضِرْ
تُنْصَرِيْنَ	তুমি (একজন স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হচ্ছো বা হবে	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
تُنْصَرَانِ	তোমরা (দু'জন স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হচ্ছো বা হবে	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
تُنْصَرْنَ	তোমরা (সকল স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হচ্ছো বা হবে	جَمْعْ مُؤَنَّث حَاضِرْ
أُنصَرُ	আমি (একজন পুরুষ/স্ত্রী)সাহায্যপ্রাপ্ত হচ্ছি বা হব	وَاحِد مُتَكَلِّمْ
نُنْصَرُ	আমরা (দু'জন/সকল পুং/স্ত্রী)সাহায্যপ্রাপ্ত হচ্ছি বা হব	جَمْعْ مُتَكَلِّمْ

تَصْرِيْفُ الْفِعْلِ الْمُضَارِعِ اَلْمَنْفِيِّ لِلْمَعْرُوْفِ

না-বাচক বর্তমান ও ভবিষ্যৎকালীন কর্তৃবাচক ক্রিয়ার রূপান্তর

গঠন প্রণালী : مُضَارِعُ مُثْبَتُ مَعْرُوْفُ -এর পূর্বে না-অর্থবোধক **'لَا'** যোগ করলে **مُضَارِعُ مَنْفِيُّ مَعْرُوْفُ** গঠিত হয়। তবে এ **'لَا'** হ্যাঁ-বোধক অর্থকে না-বোধকে পরিবর্তন করা ব্যতীত অন্য কোনো আমল করে না। যেমন- **لَا يَفْعَلُ** হতে **لَا يَفْعَلُ**

تَصْرِيْفٌ : রূপান্তর	مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
لَا يَنْصُرُ	সে (একজন পুং) সাহায্য করছে না/করবে না	وَاحِد مُذَكَّر غَائِبْ
لَا يَنْصُرَانِ	তারা (দু'জন পুং) সাহায্য করছে না/করবে না	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
لَا يَنْصُرُوْنَ	তারা (সকল পুং) সাহায্য করছে না/করবে না	جَمْعْ مُذَكَّر غَائِبْ
لَا تَنْصُرُ	সে (একজন স্ত্রী) সাহায্য করছে না/করবে না	وَاحِد مُؤَنَّث غَائِبْ
لَا تَنْصُرَانِ	তারা (দু'জন স্ত্রী) সাহায্য করছে না/করবে না	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
لَا يَنْصُرْنَ	তারা (সকল স্ত্রী) সাহায্য করছে না/করবে না	جَمْعْ مُؤَنَّث غَائِبْ
لَا تَنْصُرُ	তুমি (একজন পুং) সাহায্য করছো না/করবে না	وَاحِد مُذَكَّر حَاضِرْ
لَا تَنْصُرَانِ	তোমরা (দু'জন পুং) সাহায্য করছো না/করবে না	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
لَا تَنْصُرُوْنَ	তোমরা (সকল পুং) সাহায্য করছো না/করবে না	جَمْعْ مُذَكَّر حَاضِرْ
لَا تَنْصُرِيْنَ	তুমি (একজন স্ত্রী) সাহায্য করছো না/করবে না	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
لَا تَنْصُرَانِ	তোমরা (দু'জন স্ত্রী) সাহায্য করছো না/করবে না	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
لَا تَنْصُرْنَ	তোমরা (সকল স্ত্রী) সাহায্য করছো না/করবে না	جَمْعْ مُؤَنَّث حَاضِرْ
لَا أَنْصُرُ	আমি (একজন পুং/স্ত্রী) সাহায্য করছি না/করব না	وَاحِد مُتَكَلِّمْ
لَا نَنْصُرُ	আমরা (দু'জন/সকল পুং/স্ত্রী) সাহায্য করছি না/করব না	جَمْعْ مُتَكَلِّمْ

تَصْرِيْفُ الْفِعْلِ الْمُضَارِعِ اَلْمَنْفِيِّ لِلْمَجْهُوْلْ

না-বাচক বর্তমান ও ভবিষ্যৎকালীন কর্মবাচক ক্রিয়ার রূপান্তর

গঠন প্রণালী : مُضَارِعُ مُثْبَتُ مَجْهُوْلْ -এর পূর্বে না-অর্থবোধক 'لَا' যোগ করলে لَا يُفْعَلُ হতে يُفْعَلُ مَنْفِيُّ مَجْهُوْلْ গঠিত হয়। যেমন-

تَصْرِيْفٌ : রূপান্তর	مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
لَا يُنْصَرُ	সে (একজন পুং) সাহায্যপ্রাপ্ত হচ্ছে না/হবে না	وَاحِد مُذَكَّر غَائِبْ
لَا يُنْصَرَانِ	তারা (দু'জন পুং) সাহায্যপ্রাপ্ত হচ্ছে না/হবে না	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
لَا يُنْصَرُوْنَ	তারা (সকল পুং) সাহায্যপ্রাপ্ত হচ্ছে না/হবে না	جَمْعْ مُذَكَّر غَائِبْ
لَا تُنْصَرُ	সে (একজন স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হচ্ছে না/হবে না	وَاحِد مُؤَنَّث غَائِبْ
لَا تُنْصَرَانِ	তারা (দু'জন স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হচ্ছে না/হবে না	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
لَا يُنْصَرْنَ	তারা (সকল স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হচ্ছে না/হবে না	جَمْعْ مُؤَنَّث غَائِبْ
لَا تُنْصَرُ	তুমি (একজন পুং) সাহায্যপ্রাপ্ত হচ্ছো না/হবে না	وَاحِد مُذَكَّر حَاضِرْ
لَا تُنْصَرَانِ	তোমরা (দু'জন পুং) সাহায্যপ্রাপ্ত হচ্ছো না/হবে না	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
لَا تُنْصَرُوْنَ	তোমরা (সকল পুং) সাহায্যপ্রাপ্ত হচ্ছো না/হবে না	جَمْعْ مُذَكَّر حَاضِرْ
لَا تُنْصَرِيْنَ	তুমি (একজন স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হচ্ছো না/হবে না	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
لَا تُنْصَرَانِ	তোমরা (দু'জন স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হচ্ছো না/হবে না	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
لَا تُنْصَرْنَ	তোমরা (সকল স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হচ্ছো না/হবে না	جَمْعْ مُؤَنَّث حَاضِرْ
لَا أُنصَرُ	আমি (একজন পুং/স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হচ্ছি না/হব না	وَاحِد مُتَكَلِّمْ
لَا نُنْصَرُ	আমরা (দু'জন/সকল পুং/স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হচ্ছি না/হব না	جَمْعْ مُتَكَلِّمْ

تَصْرِيْفُ الْفِعْلِ الْمُضَارِعِ اَلْمَنْفِى اَلْمَجْحُوْدِ بلَم لِلْمَعْرُوْف

لَمْ যুক্ত অস্বীকারজ্ঞাপক না-বোধক ভবিষ্যৎকালীন কর্তৃবাচক ক্রিয়ার রূপান্তর

تَصْرِيْفٌ : রূপান্তর	مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
لَمْ يَنْصُرْ	সে (একজন পুরুষ) সাহায্য করেনি	وَاحِد مُذَكَّر غَائِبْ
لَمْ يَنْصُرَا	তারা (দু'জন পুরুষ) সাহায্য করেনি	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
لَمْ يَنْصُرُوْا	তারা (সকল পুরুষ) সাহায্য করেনি	جَمْعْ مُذَكَّر غَائِبْ
لَمْ تَنْصُرْ	সে (একজন স্ত্রী) সাহায্য করেনি	وَاحِد مُؤَنَّث غَائِبْ
لَمْ تَنْصُرَا	তারা (দু'জন স্ত্রী) সাহায্য করেনি	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
لَمْ يَنْصُرْنَ	তারা (সকল স্ত্রী) সাহায্য করেনি	جَمْعْ مُؤَنَّث غَائِبْ
لَمْ تَنْصُرْ	তুমি (একজন পুরুষ) সাহায্য করনি	وَاحِد مُذَكَّر حَاضِرْ
لَمْ تَنْصُرَا	তোমরা (দু'জন পুরুষ) সাহায্য করনি	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
لَمْ تَنْصُرُوْا	তোমরা (সকল পুরুষ) সাহায্য করনি	جَمْعْ مُذَكَّر حَاضِرْ
لَمْ تَنْصُرِىْ	তুমি (একজন স্ত্রী) সাহায্য করনি	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
لَمْ تَنْصُرَا	তোমরা (দু'জন স্ত্রী) সাহায্য করনি	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
لَمْ تَنْصُرْنَ	তোমরা (সকল স্ত্রী) সাহায্য করনি	جَمْعْ مُؤَنَّث حَاضِرْ
لَمْ أَنْصُرْ	আমি (একজন পুরুষ/স্ত্রী) সাহায্য করিনি	وَاحِد مُتَكَلِّمْ
لَمْ نَنْصُرْ	আমরা (দু'জন/সকল পুং/স্ত্রী) সাহায্য করিনি	جَمْعْ مُتَكَلِّمْ

تَصْرِيْفُ الْفِعْلِ الْمُضَارِعِ الْمَنْفِى الْمَجْحُوْدِ بَلَم لِلْمَعْرُوْف

لَم যুক্ত অস্বীকারজ্ঞাপক না-বোধক ভবিষ্যৎকালীন কর্তৃবাচক ক্রিয়ার রূপান্তর

اِسْمُ الصِّيْغَةِ	مَعْنَى : অর্থ	تَصْرِيْفٌ : রূপান্তর
وَاحِد مُذَكَّر غَائِبْ	সে (একজন পুরুষ) সাহায্যপ্রাপ্ত হয়নি	لَمْ يُنْصَرْ
تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ	তারা (দু'জন পুরুষ) সাহায্যপ্রাপ্ত হয়নি	لَمْ يُنْصَرَا
جَمْعْ مُذَكَّر غَائِبْ	তারা (সকল পুরুষ) সাহায্যপ্রাপ্ত হয়নি	لَمْ يُنْصَرُوْا
وَاحِد مُؤَنَّث غَائِبْ	সে (একজন স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হয়নি	لَمْ تُنْصَرْ
تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ	তারা (দু'জন স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হয়নি	لَمْ تُنْصَرَا
جَمْعْ مُؤَنَّث غَائِبْ	তারা (সকল স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হয়নি	لَمْ يُنْصَرْنَ
وَاحِد مُذَكَّر حَاضِرْ	তুমি (একজন পুরুষ) সাহায্যপ্রাপ্ত হওনি	لَمْ تُنْصَرْ
تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ	তোমরা (দু'জন পুরুষ) সাহায্যপ্রাপ্ত হওনি	لَمْ تُنْصَرَا
جَمْعْ مُذَكَّر حَاضِرْ	তোমরা (সকল পুরুষ) সাহায্যপ্রাপ্ত হওনি	لَمْ تُنْصَرُوْا
وَاحِد مُؤَنَّث حَاضِرْ	তুমি (একজন স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হওনি	لَمْ تُنْصَرِيْ
تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ	তোমরা (দু'জন স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হওনি	لَمْ تُنْصَرَا
جَمْعْ مُؤَنَّث حَاضِرْ	তোমরা (সকল স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হওনি	لَمْ تُنْصَرْنَ
وَاحِد مُتَكَلِّمْ	আমি (একজন পুরুষ/স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হইনি	لَمْ أُنصَرْ
جَمْعْ مُتَكَلِّمْ	আমরা (দু'জন/সকল পুং/স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হইনি	لَمْ نُنْصَرْ

تَصْرِيْفُ الْفِعْلِ اَلْمُضَارِعِ الْمَنْفِيِّ الْمُؤَكَّدِ بِلَنْ لِلْمَعْرُوْفْ

لَنْ যুক্ত না-বাচক দৃঢ়তাসূচক ভবিষ্যৎকালীন কর্তৃবাচক ক্রিয়ার রূপান্তর

تَصْرِيْفٌ : রূপান্তর	مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
لَنْ يَّنْصُرَ	সে (একজন পুরুষ) কখনো সাহায্য করবে না	وَاحِد مُذَكَّر غَائِبْ
لَنْ يَّنْصُرَا	তারা (দু'জন পুরুষ) কখনো সাহায্য করবে না	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
لَنْ يَّنْصُرُوْا	তারা (সকল পুরুষ) কখনো সাহায্য করবে না	جَمْعْ مُذَكَّر غَائِبْ
لَنْ تَنْصُرَ	সে (একজন স্ত্রী) কখনো সাহায্য করবে না	وَاحِد مُؤَنَّث غَائِبْ
لَنْ تَنْصُرَا	তারা (দু'জন স্ত্রী) কখনো সাহায্য করবে না	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
لَنْ يَّنْصُرْنَ	তারা (সকল স্ত্রী) কখনো সাহায্য করবে না	جَمْعْ مُؤَنَّث غَائِبْ
لَنْ تَنْصُرَ	তুমি (একজন পুরুষ) কখনো সাহায্য করবে না	وَاحِد مُذَكَّر حَاضِرْ
لَنْ تَنْصُرَا	তোমরা (দু'জন পুরুষ) কখনো সাহায্য করবে না	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
لَنْ تَنْصُرُوْا	তোমরা (সকল পুরুষ) কখনো সাহায্য করবে না	جَمْعْ مُذَكَّر حَاضِرْ
لَنْ تَنْصُرِىْ	তুমি (একজন স্ত্রী) কখনো সাহায্য করবে না	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
لَنْ تَنْصُرَا	তোমরা (দু'জন স্ত্রী) কখনো সাহায্য করবে না	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
لَنْ تَنْصُرْنَ	তোমরা (সকল স্ত্রী) কখনো সাহায্য করবে না	جَمْعْ مُؤَنَّث حَاضِرْ
لَنْ أَنْصُرَ	আমি (একজন পুরুষ/স্ত্রী) কখনো সাহায্য করব না	وَاحِد مُتَكَلِّمْ
لَنْ نَّنْصُرَ	আমরা (দু'জন/সকল পুং/স্ত্রী) কখনো সাহায্য করব না	جَمْعْ مُتَكَلِّمْ

تَصْرِيْفُ الْفِعْلِ اَلْمُضَارِعِ الْمَنْفِيِّ الْمُؤَكَّدِ بِلَنْ لِلْمَجْهُوْل

لَنْ যুক্ত না-বাচক দৃঢ়তাসূচক ভবিষ্যৎকালীন কর্মবাচক ক্রিয়ার রূপান্তর

تَصْرِيْفٌ : রূপান্তর	مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
لَنْ يُّنْصَرَ	সে (একজন পুরুষ) কখনো সাহায্যকৃত হবে না	وَاحِد مُذَكَّر غَائِبْ
لَنْ يُّنْصَرَا	তারা (দু'জন পুরুষ) কখনো সাহায্যকৃত হবে না	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
لَنْ يُّنْصَرُوْا	তারা (সকল পুরুষ) কখনো সাহায্যকৃত হবে না	جَمْعْ مُذَكَّر غَائِبْ
لَنْ تُنْصَرَ	সে (একজন স্ত্রী) কখনো সাহায্যকৃত হবে না	وَاحِد مُؤَنَّث غَائِبْ
لَنْ تُنْصَرَا	তারা (দু'জন স্ত্রী) কখনো সাহায্যকৃত হবে না	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
لَنْ يُّنْصَرْنَ	তারা (সকল স্ত্রী) কখনো সাহায্যকৃত হবে না	جَمْعْ مُؤَنَّث غَائِبْ
لَنْ تُنْصَرَ	তুমি (একজন পুরুষ) কখনো সাহায্যকৃত হবে না	وَاحِد مُذَكَّر حَاضِرْ
لَنْ تُنْصَرَا	তোমরা (দু'জন পুরুষ) কখনো সাহায্যকৃত হবে না	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
لَنْ تُنْصَرُوْا	তোমরা (সকল পুরুষ) কখনো সাহায্যকৃত হবে না	جَمْعْ مُذَكَّر حَاضِرْ
لَنْ تُنْصَرِىْ	তুমি (একজন স্ত্রী) কখনো সাহায্যকৃত হবে না	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
لَنْ تُنْصَرَا	তোমরা (দু'জন স্ত্রী) কখনো সাহায্যকৃত হবে না	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
لَنْ تُنْصَرْنَ	তোমরা (সকল স্ত্রী) কখনো সাহায্যকৃত হবে না	جَمْعْ مُؤَنَّث حَاضِرْ
لَنْ أُنْصَرَ	আমি (একজন পুং/স্ত্রী) কখনো সাহায্যকৃত হব না	وَاحِد مُتَكَلِّمْ
لَنْ نُنْصَرَ	আমরা (দু'জন/সকলপুং/স্ত্রী) কখনো সাহায্যকৃত হব না	جَمْعْ مُتَكَلِّمْ

تَصْرِيْفُ الْفِعْلِ الْمُضَارِعِ اَلْمُؤَكَّد بِلَامِ التَّاكِيْدِ وَنُوْنِ التَّاكِيْدِ اَلثَّقِيْلَة لِلْمَعْرُوْفِ

নিশ্চয়তাসূচক لام এবং তাশদীদযুক্ত نون যোগে ভবিষ্যৎকালীন কর্তৃবাচক ক্রিয়ার রূপান্তর

تَصْرِيْفٌ : রূপান্তর	مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
لَيَنْصُرَنَّ	নিশ্চয়ই সে (একজন পুরুষ) সাহায্য করবে	وَاحِد مُذَكَّر غَائِبْ
لَيَنْصُرَانِّ	নিশ্চয়ই তারা (দু'জন পুরুষ) সাহায্য করবে	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
لَيَنْصُرُنَّ	নিশ্চয়ই তারা (সকল পুরুষ) সাহায্য করবে	جَمَعْ مُذَكَّر غَائِبْ
لَتَنْصُرَنَّ	নিশ্চয়ই সে (একজন স্ত্রী) সাহায্য করবে	وَاحِد مُؤَنَّث غَائِبْ
لَتَنْصُرَانِّ	নিশ্চয়ই তারা (দু'জন স্ত্রী) সাহায্য করবে	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
لَيَنْصُرْنَانِّ	নিশ্চয়ই তারা (সকল স্ত্রী) সাহায্য করবে	جَمَعْ مُؤَنَّث غَائِبْ
لَتَنْصُرَنَّ	নিশ্চয়ই তুমি (একজন পুরুষ) সাহায্য করবে	وَاحِد مُذَكَّر حَاضِرْ
لَتَنْصُرَانِّ	নিশ্চয়ই তোমরা (দু'জন পুরুষ) সাহায্য করবে	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
لَتَنْصُرُنَّ	নিশ্চয়ই তোমরা (সকল পুরুষ) সাহায্য করবে	جَمَعْ مُذَكَّر حَاضِرْ
لَتَنْصُرِنَّ	নিশ্চয়ই তুমি (একজন স্ত্রী) সাহায্য করবে	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
لَتَنْصُرَانِّ	নিশ্চয়ই তোমরা (দু'জন স্ত্রী) সাহায্য করবে	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
لَتَنْصُرْنَانِّ	নিশ্চয়ই তোমরা (সকল স্ত্রী) সাহায্য করবে	جَمَعْ مُؤَنَّث حَاضِرْ
لَأَنْصُرَنَّ	নিশ্চয়ই আমি (একজন পুং/স্ত্রী) সাহায্য করব	وَاحِد مُتَكَلِّمْ
لَنَنْصُرَنَّ	নিশ্চয়ই আমরা (দু'জন/সকল পুং/স্ত্রী) সাহায্য করব	جَمَعْ مُتَكَلِّمْ

تَصْرِيْفُ الْفِعْلِ الْمُضَارِعِ اَلْمُؤَكَّد بِلَامِ التَّاكِيْدِ وَنُوْنُ التَّاكِيْدِ اَلْخَفِيْفَة لِلْمَعْرُوْفِ

নিশ্চয়তাসূচক لام এবং জযমযুক্ত نون যোগে ভবিষ্যৎকালীন কর্তৃবাচক ক্রিয়ার রূপান্তর

تَصْرِيْفٌ : রূপান্তর	مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
لَيَنْصُرَنْ	নিশ্চয়ই সে (একজন পুরুষ) সাহায্য করবে	وَاحِد مُذَكَّر غَائِبْ
لَيَنْصُرُنْ	নিশ্চয়ই তারা (সকল পুরুষ) সাহায্য করবে	جَمْعْ مُذَكَّر غَائِبْ
لَتَنْصُرَنْ	নিশ্চয়ই সে (একজন স্ত্রী) সাহায্য করবে	وَاحِدِ مُؤَنَّث غَائِبْ
لَتَنْصُرَنْ	নিশ্চয়ই তুমি (একজন পুরুষ) সাহায্য করবে	وَاحِد مُذَكَّر حَاضِرْ
لَتَنْصُرُنْ	নিশ্চয়ই তোমরা (সকল পুরুষ) সাহায্য করবে	جَمْعْ مُذَكَّر حَاضِرْ
لَتَنْصُرِنْ	নিশ্চয়ই তুমি (একজন স্ত্রী) সাহায্য করবে	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
لَأَنْصُرَنْ	নিশ্চয়ই আমি (একজন পুং/স্ত্রী) সাহায্য করব	وَاحِد مُتَكَلِّمْ
لَنَنْصُرَنْ	নিশ্চয়ই আমরা (দু'জন/সকল পুং/স্ত্রী) সাহায্য করব	جَمْعْ مُتَكَلِّمْ

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। مُضَارِعْ কাকে বলে? উদাহরণসহ লেখ।

২। اَلْمُضَارِعُ الْمُثْبَتُ الْمَعْرُوْفُ -এর পরিচয় উদাহরণসহ লেখ।

৩। فِعْل مُضَارِعْ مُثْبَتْ مَعْرُوْف -এর গঠন প্রণালী উদাহরণসহ লেখ।

৪। مُضَارِعْ-এর আলামত কয়টি ও কী কী? কোন কোন সীগায় কোন আলামত ব্যবহৃত হয়?

৫। কোন সাত সীগাহতে نُوْنِ اِعْرَابِيْ যোগ হয়? উদাহরণসহ বর্ণনা কর।

৬। فِعْل مُضَارِعْ مَنْفِى مُؤَكَّدْ بَلَنْ - এর গঠনপ্রণালী উদাহরণসহ বর্ণনা কর।

৭। لَنْ যে পাঁচটি صِيْغَةْ -এর শেষে فَتْحَةْ প্রদান করে সেগুলো কী কী? উল্লেখ কর।

৮। لَنْ যে সাতটি صِيْغَة থেকে نُوْنُ الْإِعْرَابْ-কে বিলুপ্ত করে সেগুলো কী কী? উল্লেখ কর।

৯। مُضَارِعْ مَنْفِى بَلَمْ -এর গঠনপ্রণালী উদাহরণসহ বর্ণনা কর।

১০। لَمْ যে পাঁচ صِيْغَةْ -এর শেষে سُكُوْن প্রদান করে সেগুলো উলেখ কর।

১১। لَمْ যে সাতটি صِيْغَةْ থেকে نُوْنُ الْإِعْرَابْ -কে বিলুপ্ত করে দেয় সেগুলো লেখ।

১২। নিচের ফে'লগুলোর صِيْغَةْ নির্ণয় কর:

يَجْلِسَانِ - تَفْتَحَانِ - نَذْهَبُ - تَجْمَعِيْنَ - يَنْصُرْنَ - يَغْسِلُوْنَ - تَسْمَعُوْنَ - اَقْرَأُ - تَؤْخُذْنَ
يَنْصُرُ - تَغْسِلُ - تَضْرِبِيْنَ - تَؤْخُذُوْنَ - تَظْلِمْنَ - أَمْدَحُ .

১৩। নিচের فِعْل গুলোকে مُضَارِعْ مَنْفِي مُؤَكَّدْ بَلَنْ -এর সীগায় রূপান্তর কর :

يَضْحَكُ - يَلْعَبُ - يَسْمَعُ - يَجْلِسُ – يَدْ خُلُ .

১৪। নিচের فِعْل গুলোকে পূর্বে لن ব্যবহার করে প্রয়োজনীয় পরিবর্তন কর :

يَأْكُلُ - تَلْعَبُ - تَشْرَبِيْنَ - تَقْرَأْنَ - تَنْصُرْنَ – يَفْتَحُوْنَ.

১৫। নিচের فِعْل গুলোকে مُضَارِعْ مَنْفِى بَلَمْ -এর সীগায় রূপান্তর কর :

يَلْعَبُ - تَرْجِعُوْنَ - يَضْرِبُوْنَ - تَضْرِبِيْنَ - تَلْعَبَانِ - يَقْرَؤُوْنَ - تَجْلِسِيْنَ .

১৬। নিচের فِعْل গুলোকে لَمْ ব্যবহার করে প্রয়োজনীয় পরিবর্তন কর :

يَقْعَدَانِ - يَزْرَعُوْنَ - يَنَامَانِ - تَغْلِبُوْنَ - تَضْحَكِيْنَ

اَلدَّرْسُ الثَّامِنُ : অষ্টম পাঠ

فِعْلُ الْأَمْرِ وَتَصْرِيْفَاتُهُ

ফে'লে আমর ও তার রূপান্তরসমূহ

নিচের বাক্যগুলোর প্রতি লক্ষ্য কর-

اِقْرَأْ بِاسْمِ رَبِّكَ الَّذِيْ خَلَقَ . (পড়ুন, আপনার রবের নামে যিনি সৃষ্টি করেছেন)।

اُدْخُلُوْا فِى السِّلْمِ كَافَّةً . (তোমরা পূর্ণাঙ্গভাবে ইসলামে প্রবেশ কর)।

قُلْ هُوَ اللّٰهُ أَحَدٌ . (বলুন! তিনি আল্লাহ এক)।

উপরের উদাহরণগুলোতে লক্ষ্য করলে তুমি দেখবে যে, নিম্নে দাগ দেয়া প্রত্যেকটি শব্দ فِعْلُ الْأَمْر এবং প্রত্যেকটি ফে'ল দ্বারা কোনো কিছু করার আদেশ বোঝায় ।

اَلْقَوَاعِدُ

فِعْلُ الْأَمْر-এর পরিচয় : যে فعل তথা ক্রিয়া দ্বারা কোনো কাজের আদেশ করা বোঝায়, তাকে فِعْلُ الْأَمْر তথা আদেশসূচক ক্রিয়া বলে। যেমন– اِذْهَبْ (তুমি যাও), اِقْرَأْ (তুমি পড়) ইত্যাদি।

গঠনের নিয়ম : فِعْلُ الْأَمْر -কে তিন ভাগে ভাগ করা হয়। যথা-

১। أَمْرُ حَاضِر , ২। أَمْرُ غَائِب ও ৩। أَمْرُ مُتَكَلِّم

أَمْرُ حَاضِر-কে مُضَارِعْ حَاضِرْ হতে; أَمْرُ غَائِب-কে مُضَارِعْ غَائِبْ হতে এবং أَمْرُ حَاضِر-কে مُضَارِعْ مُتَكَلِّمْ হতে গঠন করতে হয়। আর أَمْرُ مَجْهُوْل -কে مُضَارِعْ مَجْهُوْل হতে গঠন করা হয়।

أَمْرُ حَاضِرْ مَعْرُوْف-এর গঠন প্রণালী :

أَمْرُ حَاضِرْ مَعْرُوْف مُضَارِعْ حَاضِرْ مَعْرُوْف হতে গঠন করা হয়। যথা–

ক. প্রথমে فِعْل مُضَارِعْ-এর শুরু থেকে عَلَامَةُ الْمُضَارِعْ-কে বিলুপ্ত করে দিতে হয়।

খ. বিলুপ্ত আলামতের পরবর্তী অক্ষর হরকতবিশিষ্ট হলে لَامْ كَلِمَةْ তথা শেষ অক্ষরের প্রতি লক্ষ্য করতে হয়। لَامْ كَلِمَةْ যদি حَرْفُ صَحِيْحْ হয়, তাহলে সাকিন করতে হয়। যেমন- تَعِدُ হতে عِدْ ও تَضَعُ হতে ضَعْ এবং تَهَبُ হতে هَبْ ইত্যাদি।

গ. আর لَامْ كَلِمَةْ তথা শেষ অক্ষরটি যদি حَرْفُ عِلَّةْ হয়, তবে তাকে বিলুপ্ত করতে হয়। যেমন- تَقِيْ থেকে قِ ও تَلِيْ হতে لِ ইত্যাদি।

ঘ. عَلَامَةُ الْمُضَارِعْ বিলুপ্ত করার পর যদি পরবর্তী অক্ষরটি সাকিনবিশিষ্ট হয়, তাহলে দেখতে হবে عَيْنْ كَلِمَةْ তথা দ্বিতীয় অক্ষরে কি হরকত আছে। যদি তাতে فَتْحَةْ বা كَسْرَةْ থাকে, তাহলে শুরুতে একটি كَسْرَةْ তথা যেরবিশিষ্ট هَمْزَةُ الْوَصْلِ যোগ করতে হয় এবং لَامْ كَلِمَةْ তথা শেষ অক্ষরটি حَرْفِ صَحِيْحْ হলে, তাকে সাকিন করতে হয়। যেমন- تَفْتَحُ হতে اِفْتَحْ ও تَضْرِبُ হতে اِضْرِبْ

আর لَامْ كَلِمَةْ তথা শেষ অক্ষরটি حَرْفِ عِلَّةْ হলে, তাকে বিলুপ্ত করতে হয়। যেমন- تَرْمِيْ হতে اِرْمِ ও تَخْشَى হতে اِخْشَ ইত্যাদি।

ঙ. عَيْنْ كَلِمَةْ তথা দ্বিতীয় অক্ষরটি مَضْمُوْمْ তথা পেশবিশিষ্ট হলে শুরুতে একটি ضَمَّةْ বিশিষ্ট هَمْزَةُ الْوَصْلِ যোগ করতে হয় এবং لَامْ كَلِمَةْ হরফে সহীহ হলে তাকে সাকিন করতে হয়। যেমন- تَنْصُرُ হতে اُنْصُرْ ও تَدْخُلُ হতে اُدْخُلْ;

আর لَامْ كَلِمَةْ তথা শেষ অক্ষরটি حَرْفِ عِلَّةْ হলে তাকে বিলুপ্ত করতে হয়। যেমন- تَدْعُوْ হতে اُدْعُ ও تَتْلُوْ হতে اُتْلُ ইত্যাদি।

চ. فِعْلُ الأَمْرِ -এর সীগাহগুলো থেকে نُوْنُ الْإِعْرَابْ বিলুপ্ত হয়ে যায়।

أَمْرُ غَائِب ও مُتَكَلِّم-এর গঠন প্রণালী :

أَمْرُ مُضَارِع مُتَكَلِّم مَعْرُوْف থেকে أَمْرُ غَائِب مَعْرُوْف এবং مُضَارِع غَائِب مَعْرُوْف গঠন করতে হয়।

প্রথমে মুদারে صِيْغَةْ-এর শুরুতে যেরযুক্ত لَامُ الْأَمْرِ যোগ করতে হবে। অতঃপর لَامْ كَلِمَةْ তথা শেষ অক্ষরটি حَرْفِ صَحِيْحْ হলে সাকিন করতে হয়।

আর حَرْفُ عِلَّةْ হলে তাকে বিলুপ্ত করতে হয়। যেমন- يَنْصُرُ থেকে لِيَنْصُرْ ও يَدْعُو থেকে لِيَدْعُ এবং أُدْعُو থেকে لِأَدْعُ ইত্যাদি।

أَمْرٌ حَاضِرٌ مَجْهُوْلٌ -এর গঠন প্রণালী :

مُضَارِع حَاضِر مَجْهُوْل - এর صِيْغَةْ-এর শুরুতে যেরযুক্ত لَامُ الْأَمْرِ যোগ করতে হয় এবং لَامْ كَلِمَةْ তথা শেষ অক্ষরটি حَرْفِ صَحِيْحْ হলে সাকিন করতে হয়। যেমন- تَنْصُرُ থেকে لِتَنْصُرْ

আর যদি لَامْ كَلِمَةْ টি حَرْفِ عِلَّةْ হয়, তবে তাকে বিলুপ্ত করতে হয়। যেমন- تَدْعُو থেকে لِتَدْعُ ; لَامُ الأَمْرِ শব্দের প্রথমে যেরযুক্ত হয় এবং পূর্বে কিছু যুক্ত হলে সাকিন হয়। যেমন– فَلْيَعْبُدُوْا ও لِيَعْبُدُوْا

تَصْرِيْفُ فِعْلِ الْاَمْرِ الْـحَاضِرِ لِلْمَعْرُوْفِ

আদেশসূচক মধ্যম পুরুষ কর্তৃবাচক ক্রিয়ার রূপান্তর

تَصْرِيْفٌ : রূপান্তর	مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
اُنْصُرْ	তুমি (একজন পুরুষ) সাহায্য কর	وَاحِد مُذَكَّر حَاضِرْ
اُنْصُرَا	তোমরা (দু'জন পুরুষ) সাহায্য কর	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
اُنْصُرُوْا	তোমরা (সকল পুরুষ) সাহায্য কর	جَمْعْ مُذَكَّر حَاضِرْ
اُنْصُرِىْ	তুমি (একজন স্ত্রী) সাহায্য কর	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
اُنْصُرَا	তোমরা (দু'জন স্ত্রী) সাহায্য কর	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
اُنْصُرْنَ	তোমরা (সকল স্ত্রী) সাহায্য কর	جَمْعْ مُؤَنَّث حَاضِرْ

تَصْرِيْفُ فِعْلِ الْأَمْرِ الْغَائِبِ وَالْمُتَكَلِّمِ لِلْمَعْرُوْفِ

আদেশসূচক নাম পুরুষ ও উত্তম পুরুষ কর্তৃবাচক ক্রিয়ার রূপান্তর

تَصْرِيْفُ : রূপান্তর	مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
لِيَنْصُرْ	সে (একজন পুরুষ) যেন সাহায্য করে	وَاحِد مُذَكَّر غَائِبْ
لِيَنْصُرَا	তারা (দু'জন পুরুষ) যেন সাহায্য করে	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
لِيَنْصُرُوْا	তারা (সকল পুরুষ) যেন সাহায্য করে	جَمْعْ مُذَكَّر غَائِبْ
لِتَنْصُرْ	সে (একজন স্ত্রী) যেন সাহায্য করে	وَاحِد مُؤَنَّث غَائِبْ
لِتَنْصُرَا	তারা (দু'জন স্ত্রী) যেন সাহায্য করে	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
لِيَنْصُرْنَ	তারা (সকল স্ত্রী) যেন সাহায্য করে	جَمْعْ مُؤَنَّث غَائِبْ
لِأَنْصُرْ	আমি (একজন পুরুষ/স্ত্রী) যেন সাহায্য করি	وَاحِد مُتَكَلِّمْ
لِنَنْصُرْ	আমরা (দু'জন/সকল পুরুষ/স্ত্রী) যেন সাহায্য করি	جَمْعْ مُتَكَلِّمْ

تَصْرِيْفُ فِعْلِ الْاَمْرِ الْحَاضِرِ لِلْمَجْهُوْلِ

আদেশসূচক মধ্যম পুরুষ কর্মবাচক ক্রিয়ার রূপান্তর

تَصْرِيْفُ : রূপান্তর	مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
لِتُنْصَرْ	তুমি (একজন পুরুষ) সাহায্যপ্রাপ্ত হও	وَاحِد مُذَكَّر حَاضِرْ
لِتُنْصَرَا	তোমরা (দু'জন পুরুষ) সাহায্যপ্রাপ্ত হও	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
لِتُنْصَرُوْا	তোমরা (সকল পুরুষ) সাহায্যপ্রাপ্ত হও	جَمْعْ مُذَكَّر حَاضِرْ
لِتُنْصَرِىْ	তুমি (একজন স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হও	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
لِتُنْصَرَا	তোমরা (দু'জন স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হও	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
لِتُنْصَرْنَ	তোমরা (সকল স্ত্রী) সাহায্যপ্রাপ্ত হও	جَمْعْ مُؤَنَّث حَاضِرْ

تَصْرِيْفُ فِعْلِ الْأَمْرِ الْغَائِبِ وَالْمُتَكَلِّمِ لِلْمَجْهُوْلِ

আদেশসূচক নাম পুরুষ ও উত্তম পুরুষ কর্মবাচক ক্রিয়ার রূপান্তর

تَصْرِيْفٌ : রূপান্তর	مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
لِيُنْصَرْ	তাকে (একজন পুরুষ) সাহায্য করা হোক	وَاحِد مُذَكَّر غَائِبْ
لِيُنْصَرَا	তাদের (দু'জন পুরুষ) সাহায্য করা হোক	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
لِيُنْصَرُوْا	তাদের (সকল পুরুষ) সাহায্য করা হোক	جَمْعْ مُذَكَّرِ غَائِبْ
لِتُنْصَرْ	তাকে (একজন স্ত্রী) সাহায্য করা হোক	وَاحِدِ مُؤَنَّثِ غَائِبْ
لِتُنْصَرَا	তাদের (দু'জন স্ত্রী) সাহায্য করা হোক	تَثْنِيَةْ مُؤَنَّثِ غَائِبْ
لِيُنْصَرْنَ	তাদের (সকল স্ত্রী) সাহায্য করা হোক	جَمْعْ مُؤَنَّثِ غَائِبْ
لِأُنْصَرْ	আমাকে (একজন পুরুষ/স্ত্রী) সাহায্য করা হোক	وَاحِدِ مُتَكَلِّمْ
لِنُنْصَرْ	আমাদের (দু'জন/সকল পুরুষ/স্ত্রী) সাহায্য করা হোক	جَمْعْ مُتَكَلِّمْ

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। فِعْلُ الْأَمْـرِ কে কয়ভাগে ভাগ করা হয়েছে? প্রত্যেক প্রকার উদাহরণসহ উল্লেখ কর।

২। أَمْرُ حَاضِرْ مَعْرُوْف গঠনের নিয়ম লেখ।

৩। ذِهَابٌ মাসদার দ্বারা أَمْـرُ حَـاضِـرْ مَـعْـرُوْف -এর রূপান্তর অর্থসহ লেখ।

৪। নিচের শব্দগুলো দ্বারা أَمْر حَاضِرْ مَعْرُوْف -এর تصريف লেখ:

اِغْسِلْ - اِفْتَحْ - اِمْدَحْ - اِذْهَبْ - أُدْخُلْ - أُتْرُكْ .

৫। নিচের শব্দগুলো দ্বারা أَمْرُ حَاضِرْ مَجْهُوْل -এর تَصْرِيْف লেখ:

لِتُمْنَعْ - لِتُمْدَحْ - لِتُفْتَحْ .

৬। নিচের শব্দগুলো দ্বারা أَمْرُ غَائِبْ مَعْرُوْف -এর تصريف লেখ:

لِيَفْقَهْ - لِيَسْمَعْ - لِيَذْهَبْ .

اَلدَّرْسُ التَّاسِعُ : নবম পাঠ

فِعْلُ النَّهْيِ وَتَصْرِيْفَاتُهُ

ফে'লে নাহী ও তার রূপান্তরসমূহ

নিচের বাক্যগুলোর প্রতি লক্ষ্য কর-

لَا تُشْرِكْ بِاللهِ . (তুমি আল্লাহর সাথে শিরক করো না)।

لَا تَقْنَطُوْا مِنْ رَحْمَةِ اللهِ . (তোমরা আল্লাহর রহমত হতে নিরাশ হয়ো না)।

لَا تُبَذِّرْ تَبْذِيْرًا. (তুমি অপচয় করো না)।

উপরের উদাহরণগুলোতে লক্ষ্য করলে দেখতে পাবে যে, নিচে দাগ দেয়া প্রত্যেকটি শব্দ দ্বারা কোনো কিছু করা থেকে নিষেধ বোঝায়। অতএব নিষেধ বোঝানোর কারণে এগুলোকে فِعْلُ النَّهْيِ বলে।

اَلْقَوَاعِدُ

فِعْلُ النَّهْى-এর পরিচয় : যে فِعْلْ দ্বারা কোনো কিছু করা থেকে নিষেধ করা বোঝায়, তাকে فِعْلُ النَّهْى বলে। যেমন- لَا تَضْرِبْ - তুমি প্রহার করো না।

فِعْلُ النَّهْى-এর গঠন প্রণালী : প্রথমে مُضَارِعْ -এর পূর্বে নিষেধসূচক لَا যোগ করলে فِعْلُ النَّهْى -এর صِيْغَةْ গঠিত হয়। لَا পাঁচ صِيْغَةْ -তে سُكُوْن দেয়, যদি শেষ হরফটি حَرْفِ عِلَّةْ না হয়। صِيْغَةْ পাঁচটি হলো-

১- وَاحِدِ مُذَكَّرِ غَائِبْ ২- وَاحِدِ مُؤَنَّثِ غَائِبْ ৩- وَاحِدِ مُذَكَّرِ حَاضِرْ ৪- وَاحِدِ مُتَكَلِّمْ ৫- جَمْع مُتَكَلِّمْ

তবে لَامْ كَلِمَةْ বা শেষ অক্ষরটি حَرْف عِلَّةْ হলে, তা ফেলে দিতে হয়। যেমন- تَرْمِىْ থেকে لا تَرْمِ আর সাতটি صِيْغَةْ হতে نُوْنِ اِعْرَابِىْ কে বিলুপ্ত করতে হয়। চার تَثْنِيَةْ দুই جَمْع مُذَكَّرِ غَائِبْ ও حَاضِرْ আর একটি وَاحِدِ مُؤَنَّثِ حَاضِرْ ।

تَصْرِيْفُ فِعْلِ النَّهْيِ اَلْحَاضِر لِلْمَعْرُوْف

নিষেধসূচক মধ্যম পুরুষ কর্তৃবাচক ক্রিয়ার রূপান্তর

اِسْمُ الصِّيْغَةِ	مَعْنَى : অর্থ	تَصْرِيْفٌ : রূপান্তর
وَاحِد مُذَكَّر حَاضِرْ	তুমি (একজন পুরুষ) খোলো না	لاَ تَفْتَحْ
تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ	তোমরা (দু'জন পুরুষ) খোলো না	لاَ تَفْتَحَا
جَمَعْ مُذَكَّر حَاضِرْ	তোমরা (সকল পুরুষ) খোলো না	لاَ تَفْتَحُوْا
وَاحِد مُؤَنَّث حَاضِرْ	তুমি (একজন স্ত্রী) খোলো না	لاَ تَفْتَحِيْ
تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ	তোমরা (দু'জন স্ত্রী) খোলো না	لاَ تَفْتَحَا
جَمَعْ مُؤَنَّث حَاضِرْ	তোমরা (সকল স্ত্রী) খোলো না	لاَ تَفْتَحْنَ

تَصْرِيْفُ فِعْلِ النَّهْيِ اَلْغَائِبِ وَالْمُتَكَلِّمِ لِلْمَعْرُوْفِ

নিষেধসূচক নাম ও উত্তম পুরুষ কর্তৃবাচক ক্রিয়ার রূপান্তর

اِسْمُ الصِّيْغَةِ	مَعْنَى : অর্থ	تَصْرِيْفٌ : রূপান্তর
وَاحِدِ مُذَكَّرِ غَائِبْ	সে (একজন পুং) যেন না খোলে	لاَ يَفْتَحْ
تَثْنِيَةْ مُذَكَّرِ غَائِبْ	তারা (দু'জন পুং) যেন না খোলে	لاَ يَفْتَحَا
جَمَعْ مُذَكَّرِ غَائِبْ	তারা (সকল পুং) যেন না খোলে	لاَ يَفْتَحُوْا
وَاحِدِ مُؤَنَّثِ غَائِبْ	সে (একজন স্ত্রী) যেন না খোলে	لاَ تَفْتَحْ
تَثْنِيَةْ مُؤَنَّثِ غَائِبْ	তারা (দু'জন স্ত্রী) যেন না খোলে	لاَ تَفْتَحَا
جَمَعْ مُؤَنَّثِ غَائِبْ	তারা (সকল স্ত্রী) যেন না খোলে	لاَ يَفْتَحْنَ
وَاحِدِ مُتَكَلِّمْ	আমি (একজন পুং/স্ত্রী) যেন না খোলি	لاَ أَفْتَحْ
جَمَعْ مُتَكَلِّمْ	আমরা (দু'জন/সকল পুরুষ/স্ত্রী) যেন না খোলি	لاَ نَفْتَحُ

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১. فِعْلُ النَّهْيِ কাকে বলে ? উদাহরণসহ বর্ণনা কর।

২. فِعْلُ النَّهْيِ গঠনের নিয়ম উদাহরণসহ উল্লেখ কর।

৩. فِعْلُ النَّهْيِ -এর যেসব صيغة থেকে نُوْنُ الْإِعْرَابْ বিলুপ্ত হয় সেগুলো কী কী? লেখ।

৪. নিচের শব্দগুলো দ্বারা نَهْى حَاضِرْ مَعْرُوْف -এর تَصْرِيْف লেখ :

لَاتَذْهَبْ – لَاتَمْدَحْ - لَاتَفْهَمْ - لَا تَمْنَعْ - لَا تَجْلِسْ - لَا تَدْخُلْ .

৫. নিচের শব্দগুলো দ্বারা نَهْي حَاضِرْ مَجْهُوْل -এর تَصْرِيْف লেখ:

لَا تُمْدَحْ – لَا تُقْتَلْ – لَاتُسْمَعْ – لَا تُنْصَرْ - لَا تُظْلِمْ .

৬. নিচের শব্দগুলো দ্বারা نَهْي غَائِبْ مَعْرُوْف - এর تصريف লেখ:

لَايَذْهَبْ – لَايَفْهَمْ – لَايَمْدَحْ- لَا يَكْتُبْ - لَا يَكْذِبْ .

اَلدَّرْسُ الْعَاشِرُ : দশম পাঠ

اَلْأَسْمَاءُ الْمُشْتَقَّاتُ

মুশতাক ইসমসমূহ

নিচের বাক্যগুলোর প্রতি লক্ষ্য কর-

اَلْمُجْتَمَعُ يَحْتَاجُ اِلَى الرَّجُلِ الصَّالِحِ (সমাজে সৎলোকের প্রয়োজন)।

يَرْجُوْ الْحَاجُّ حَجًّا مَّبْرُوْرًا. (হজ পালনকারী কবুল হজ আশা করেন)।

يُسْمَعُ الْأَذَانُ مِنَ الْمَسَاجِدِ. (মসজিদগুলো হতে আযান শোনা যায়)।

فَتَحْتُ الْقُفْلَ بِالْمِفْتَاحِ. (আমি চাবি দ্বারা তালা খুলেছি)।

اِنَّ اَكْرَمَكُمْ عِنْدَ اللهِ اَتْقَاكُمْ. (যিনি তাকওয়াবান তিনি তোমাদের মধ্যে আল্লাহর নিকট অধিক মর্যাদাবান)।

وَاللهُ عَلِيْمٌ بِذَاتِ الصُّدُوْرِ. (আল্লাহ অন্তর সম্পর্কে অধিক জ্ঞাত)।

زَيْدٌ حَسَنُ الْوَجْهِ. (যায়েদ সুন্দর চেহারার অধিকারী)।

উপরের উদাহরণগুলো লক্ষ্য করলে দেখতে পাবে যে, নিচে দাগ দেয়া এক একটি শব্দ এক একটি ওযনের। প্রথম উদাহরণে اَلصَّالِحُ শব্দটি اِسْمُ الْفَاعِلِ; দ্বিতীয় উদাহরণে مَبْرُوْرًا শব্দটি اِسْمُ الْمَفْعُوْلِ; তৃতীয় উদাহরণে مَسَاجِد শব্দটি اِسْمُ الظَّرْفِ; চতুর্থ উদাহরণে مِفْتَاحْ শব্দটি اِسْمُ الْاٰلَه; পঞ্চম উদাহরণে اَكْرَمُ শব্দটি اِسْمُ التَّفْضِيْلِ ; ষষ্ঠ উদাহরণে عَلِيْمٌ শব্দটি صِيْغَةُ الْمُبَالَغَة এবং সপ্তম উদাহরণে حَسَنٌ শব্দটি اَلصِّفَةُ الْمُشَبَّهَةُ -এর।

اَلْقَوَاعِدُ

اَلْأَسْمَاءُ الْمُشْتَقَّاتُ-এর পরিচয় : কতিপয় اِسْمُ ক্রিয়াপদ থেকে গঠিত হয়। সাধারণত مُضَارِعْ থেকে এগুলো গঠিত হয়। এ কারণে এগুলোকে اَلْأَسْمَاءُ الْمُشْتَقَّاتُ বলা হয়। সুতরাং যেসব اِسْمْ কোনো فِعْلْ (ক্রিয়া) হতে গঠিত হয়, সেগুলোকে اَلْأَسْمَاءُ الْمُشْتَقَّاتُ বলে। যেমন- دَارِسٌ (পাঠক), مَدْرُوْسٌ (পঠিত), مَدْخَلٌ (প্রবেশপথ), مِنْشَرٌ (চালার যন্ত্র) ইত্যাদি।

اَلْأَسْمَاءُ الْمُشْتَقَّةُ-এর প্রকারভেদ : اَلْأَسْمَاءُ الْمُشْتَقَّةُ সাত প্রকার। যথা-

١- اِسْمُ الْفَاعِلْ ؛ ٢- اِسْمُ الْمَفْعُوْلْ ؛ ٣- اِسْمُ الظَّرْفْ ؛ ٤- اِسْمُ الْأَلَةْ ؛ ٥- اِسْمُ التَّفْضِيْلْ ؛ ٦- اِسْمُ الْفَاعِلِ لِلْمُبَالَغَة ؛ ٧- اَلصِّفَةُ الْمُشَبَّهَةُ .

اِسْمُ الْفَاعِلِ-এর বর্ণনা

اِسْمُ الْفَاعِلْ-এর পরিচয় : فِعْل থেকে গঠিত যে اِسْم দ্বারা ক্ষণস্থায়ী গুণবাচক অর্থ ও তার কর্তা বোঝায়, তাকে اِسْمُ الْفَاعِلْ (কর্তৃবাচক বিশেষ্য) বলে। যেমন- قَادِمٌ (আগন্তুক), نَاصِرٌ (সাহায্যকারী), فَاتِحٌ (বিজয়ী) ইত্যাদি।

গঠন প্রণালী: مُضَارِعْ مَعْرُوْف থেকে فِعْل اِسْمُ الْفَاعِلْ গঠিত হয়। প্রথমে مُضَارِعْ مَعْرُوْف থেকে عَلَامَةُ الْمُضَارِعْ বিলুপ্ত করে فَاء কালেমায় فَتْحَةْ তথা যবর দিতে হয়। عَيْن ও فَاء-এর মাঝে একটি اَلِفْ যুক্ত করতে হয়। অতঃপর عَيْن কালেমায় كَسْرَةْ তথা যের না থাকলে كَسْرَةْ দিতে হবে ও لَامْ কালেমায় تَنْوِيْن (দুপেশ) দিতে হয়। যেমন- يَفْعَلُ থেকে فَاعِلٌ , يَـجْلِسُ থেকে جَالِسٌ , يَنْصُرُ থেকে نَاصِرٌ ও يَسْمَعُ থেকে سَامِعٌ ইত্যাদি।

تَصْرِيْفُ اِسْمِ الْفَاعِلْ

কর্তৃবাচক বিশেষ্যের রূপান্তর

رূপান্তর : تَصْرِيْفٌ		مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
مَوْزُوْنْ بِهِ	مَوْزُوْنْ		
فَاعِلٌ	نَاصِرٌ	সাহায্যকারী একজন (পুরুষ)	وَاحِد مُذَكَّر
فَاعِلَانِ	نَاصِرَانِ	সাহায্যকারী দু'জন (পুরুষ)	تَثْنِيَةْ مُذَكَّر
فَاعِلُوْنَ	نَاصِرُوْنَ	সাহায্যকারী সকল (পুরুষ)	جَمْعْ مُذَكَّر
فَاعِلَةٌ	نَاصِرَةٌ	সাহায্যকারীনী একজন (স্ত্রী)	وَاحِد مُؤَنَّث
فَاعِلَتَانِ	نَاصِرَتَانِ	সাহায্যকারীনী দু'জন (স্ত্রী)	تَثْنِيَةْ مُؤَنَّث
فَاعِلَاتٌ	نَاصِرَاتٌ	সাহায্যকারীনী সকল (স্ত্রী)	جَمْعْ مُؤَنَّث

اِسْمُ الْمَفْعُوْلِ -এর বর্ণনা

اِسْمُ الْمَفْعُوْلْ-এর পরিচয় : فِعْل থেকে গঠিত যে اِسْم দ্বারা গুণবাচক অর্থ এবং এ অর্থ যার উপর পতিত হয় সে সত্তাকে বোঝায়, তাকে اِسْمُ الْمَفْعُوْلْ (কর্মবাচক বিশেষ্য) বলা হয়। যেমন– مَنْصُوْرٌ (সাহায্যপ্রাপ্ত), مَضْرُوْبٌ (প্রহৃত), مَقْتُوْلٌ (নিহত) ইত্যাদি।

গঠন প্রণালী : فِعْل مُضَارِعْ مَجْهُوْل থেকে اِسْمُ الْمَفْعُوْلْ গঠিত হয়। প্রথমে فِعْل مُضَارِعْ مَجْهُوْل থেকে عَلَامَةُ الْمُضَارِعْ কে বিলুপ্ত করে সে স্থানে একটি যবরবিশিষ্ট মীম যোগ করতে হয়। অতঃপর عَيْن কালেমায় পেশ দিয়ে عَين ও لَامْ কালেমার মাঝে একটি জযমবিশিষ্ট وَاوْ যোগ করতে হয় এবং لَامْ কালেমায় تَنْوِيْن (দুপেশ) দিতে হয়।

যেমন- يُنْصَرُ থেকে مَنْصُوْرٌ ও يُفْتَحُ থেকে مَفْتُوْحٌ ইত্যাদি।

تَصْرِيْفُ اِسْمِ الْمَفْعُوْلِ

কর্মবাচক বিশেষ্যের রূপান্তর

تَصْرِيْفٌ : রূপান্তর		مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
مَوْزُوْنْ بِهِ	مَوْزُوْنْ		
مَفْعُوْلٌ	مَنْصُوْرٌ	সাহায্যপ্রাপ্ত একজন (পুরুষ)	وَاحِد مُذَكَّر
مَفْعُوْلاَنِ	مَنْصُوْرَانِ	সাহায্যপ্রাপ্ত দু'জন (পুরুষ)	تَثْنِيَةْ مُذَكَّر
مَفْعُوْلُوْنَ	مَنْصُوْرُوْنَ	সাহায্যপ্রাপ্ত সকল (পুরুষ)	جَمْعْ مُذَكَّر
مَفْعُوْلَةٌ	مَنْصُوْرَةٌ	সাহায্যপ্রাপ্তা একজন (স্ত্রী)	وَاحِد مُؤَنَّث
مَفْعُوْلَتَانِ	مَنْصُوْرَتَانِ	সাহায্যপ্রাপ্তা দু'জন (স্ত্রী)	تَثْنِيَةْ مُؤَنَّث
مَفْعُوْلاَتٌ	مَنْصُوْرَاتٌ	সাহায্যপ্রাপ্তা সকল (স্ত্রী)	جَمْعْ مُؤَنَّث

اِسْمُ الظَّرْفِ-এর বর্ণনা

اِسْمُ الظَّرْفِ-এর পরিচয় : فِعْل থেকে গঠিত যে اِسْم ঐ فِعْل সংঘটিত হওয়ার স্থান বা কাল বোঝায়, তাকে اِسْمُ الظَّرْفِ (স্থানবাচক বিশেষ্য) বলে।

২০২১

اِسْمُ الظَّرْفِ -এর প্রকার : اِسْمُ الظَّرْفِ দু প্রকার। যথা-

১. ظَرْفُ الزَّمَانِ (সময়বাচক বিশেষ্য) ও

২. ظَرْفُ الْمَكَانِ (স্থানবাচক বিশেষ্য)।

১. فِعْل : ظَرْفُ الزَّمَانِ থেকে গঠিত যে اِسْم ঐ فِعْل সংঘটিত হওয়ার সময় বা কালকে বোঝায়, তাকে ظَرْفُ الزَّمَانِ (সময়বাচক বিশেষ্য) বলে। যেমন- مَوْعِدٌ (প্রতিশ্রুতির সময়)।

২. فِعْل : ظَرْفُ الْمَكَانِ থেকে গঠিত যে اسم ঐ فِعْل সংঘটিত হওয়ার স্থান বোঝায়, তাকে ظَرْفُ الْمَكَانِ (স্থানবাচক বিশেষ্য) বলে। যেমন- مَسْجِدٌ (সাজদার স্থান)।

গঠন প্রণালী : فِعْل مُضَارِعْ হতে اِسْمُ الظَّرْفِ গঠিত হয়। তিন অক্ষরবিশিষ্ট فِعْل مُضَارِعْ থেকে اِسْمُ الظَّرْفِ গঠন করতে হলে مَفْعَلٌ বা مَفْعِلٌ ওযনে গঠন করতে হয়।

প্রথমে فِعْل مُضَارِعْ-এর শুরু থেকে عَلَامَةُ الْمُضَارِعْ কে বিলুপ্ত করে সে স্থানে একটি যবরবিশিষ্ট মীম যোগ করতে হয়। عَيْن কালেমায় পেশ থাকলে যবর দিতে হয় এবং لَامْ কালেমায় تَنْوِيْن (দুপেশ) দিতে হয়। যেমন- يَكْتُبُ থেকে مَكْتَبٌ , يَجْلِسُ থেকে مَجْلِسٌ ও يَنْصُرُ থেকে مَنْصَرٌ ও يَلْعَبُ থেকে مَلْعَبٌ ইত্যাদি।

تَصْرِيْفُ اِسْمِ الظَّرْف

স্থান/কালবাচক বিশেষ্যের রূপান্তর

اِسْمُ الصِّيْغَةِ	مَعْنَى : অর্থ	تَصْرِيْفٌ : রূপান্তর	
		مَوْزُوْنْ	مَوْزُوْنْ بِهِ
وَاحِد	প্রবেশ করার একটি স্থান	مَدْخَلٌ	مَفْعَلٌ
تَثْنِيَةْ	প্রবেশ করার দুটি স্থান	مَدْخَلَانِ	مَفْعَلَانِ
جَمْعْ	প্রবেশ করার অনেক স্থান	مَدَاخِلُ	مَفَاعِلُ

اِسْمُ الْأَلَةِ -এর বর্ণনা

اِسْمُ الْأَلَةِ -এর পরিচয় : فِعْل থেকে গঠিত যে اِسْم দ্বারা ঐ فِعْل সম্পাদন করার যন্ত্র বা হাতিয়ার বোঝায়, তাকে اِسْمُ الْأَلَةِ (যন্ত্রবাচক বিশেষ্য) বলা হয়। যেমন- مِصْعَدٌ (উপরে উঠার একটি যন্ত্র বা লিফ্ট)।

اِسْمُ الْأَلَةِ তিন প্রকার। যথা–

১. اَلصُّغْرٰى (ক্ষুদ্র); ২. اَلْوُسْطٰى (মধ্যম); ৩. اَلْكُبْرٰى (বৃহৎ)

গঠন প্রণালী : فِعْل مُضَارِعْ হতে তিনটি ওযনে তিন প্রকারের اِسْمُ الْأَلَةِ গঠিত হয়। যথা–

ক. اَلصُّغْرٰى (ক্ষুদ্র) : عَلَامَةُ الْمُضَارِعْ বিলুপ্ত করে সেস্থানে একটি যেরবিশিষ্ট মীম যোগ করতে হয়। عَيْن কালেমায় যবর না থাকলে যবর দিতে হয় এবং لَامْ কালেমায় تَنْوِيْن (দুপেশ) দিতে হয়। যেমন- يَفْعَلُ থেকে مِفْعَلٌ

খ. اَلْوُسْطٰى (মধ্যম) : صُغْرٰى -এর لَامْ কালেমায় যবর দিয়ে উহার পরে একটি দুপেশ যুক্ত গোল তা (ة) বসালে وُسْطٰى-এর সীগাহ গঠিত হয়। যেমন- مِفْعَلٌ হতে مِفْعَلَةٌ

গ. اَلْكُبْرٰى (বৃহৎ) : صُغْرٰى -এর عَيْن কালেমার পরে একটি اَلِفْ বৃদ্ধি করলেই كُبْرٰى-এর সীগাহ গঠিত হয়। যেমন- مِفْعَلٌ হতে مِفْعَالٌ

উল্লেখ্য, শ্রেণি ও বচনভেদে اِسْمُ الْأَلَةِ -এর নয়টি সীগাহ হয়।

تَصْرِيْفُ اِسْمِ الْأَلَةِ

যন্ত্রবাচক বিশেষ্যের রূপান্তর

اِسْمُ الصِّيْغَةِ	مَعْنَى : অর্থ	تَصْرِيْفٌ : রূপান্তর	
		مَوْزُوْنْ	مَوْزُوْنْ بِهِ
وَاحِد صُغْرٰى	চালার একটি ক্ষুদ্র যন্ত্র	مِنْخَلٌ	مِفْعَلٌ
تَثْنِيَةْ صُغْرٰى	চালার দু'টি ক্ষুদ্র যন্ত্র	مِنْخَلَانِ	مِفْعَلَانِ
جَمْعْ صُغْرٰى	চালার অনেক ক্ষুদ্র যন্ত্র	مَنَاخِلُ	مَفَاعِلُ

تَصْرِيْفٌ : রূপান্তর		مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
مَوْزُوْنٌ بِهِ	مَوْزُوْنٌ		
مِفْعَلَةٌ	مِنْخَلَةٌ	চালার একটি মধ্যম যন্ত্র	وَاحِد وُسْطٰى
مِفْعَلَتَانِ	مِنْخَلَتَانِ	চালার দু'টি মধ্যম যন্ত্র	تَثْنِيَةْ وُسْطٰى
مَفَاعِلُ	مَنَاخِلُ	চালার অনেক মধ্যম যন্ত্র	جَمْعْ وُسْطٰى
مِفْعَالٌ	مِنْخَالٌ	চালার একটি বৃহৎ যন্ত্র	وَاحِد كُبْرٰى
مِفْعَالَانِ	مِنْخَالَانِ	চালার দু'টি বৃহৎ যন্ত্র	تَثْنِيَةْ كُبْرٰى
مَفَاعِيْلُ	مَنَاخِيْلُ	চালার অনেক বৃহৎ যন্ত্র	جَمْعْ كُبْرٰى

বি:দ্রঃ উল্লিখিত তিনটি ওযন (مِفْعَالٌ – مِفْعَلَةٌ – مِفْعَلٌ) প্রত্যেকটিকে সাধারণত একই فِعْل থেকে গঠন করা হয় না; বরং কোনো فِعْل থেকে مِفْعَلٌ এর ওযনে গঠন করা হয়। যেমন- يَصْعَدُ থেকে مِصْعَدٌ ইত্যাদি। কোনো فِعْل থেকে مِفْعَلَةٌ-এর ওযনে গঠন করা হয়। যেমন- يَلْعَقُ থেকে مِلْعَقَةٌ ইত্যাদি। আবার কোনো فِعْل থেকে مِفْعَالٌ-এর ওযনে গঠন করা হয়। যেমন- يَعْرُجُ থেকে مِعْرَاجٌ ইত্যাদি।

اِسْمُ التَّفْضِيْلِ -এর বর্ণনা

اِسْمُ التَّفْضِيْلِ-এর পরিচয় : فِعْل থেকে গঠিত যে اِسْم দ্বারা সমগুণবিশিষ্ট একাধিক ব্যক্তি বা বস্তুর মধ্য হতে একটিকে অপরটির ওপর অগ্রাধিকার দেয়া বা তুলনা করা বোঝায়, তাকে اِسْمُ التَّفْضِيْلِ (তুলনামূলক আধিক্য অর্থজ্ঞাপক বিশেষ্য) বলা হয়। যেমন- أَعْلَمُ (অধিক জ্ঞানী)।

গঠন প্রণালী : فِعْل مُضَارِعْ থেকে اِسْمُ التَّفْضِيْلِ গঠিত হয়। اِسْمُ التَّفْضِيْلِ-এর مُذَكَّرْ ও مُؤَنَّث-এর সীগাহ গঠনের পদ্ধতি ভিন্ন ভিন্ন। নিম্নে তা আলোচনা করা হলো-

مُذَكَّرْ : فِعْل مُضَارِعْ-এর শুরু থেকে عَلَامَةُ الْمُضَارِعْ বিলুপ্ত করে সেস্থানে একটি هَمْزَة বসাতে হয় এবং عَيْن কালেমায় যবর না থাকলে যবর দিতে হয়। যেমন- أَصْفَرُ হতে يَصْفَرُ

مُؤَنَّث : فِعْل مُضَارِعْ -এর শুরু থেকে عَلَامَةُ الْمُضَارِعْ কে বিলুপ্ত করে فَاء কালিমায় পেশ দিতে হয় এবং عَين কালেমায় জযম ও لَام কালেমার পরে একটি أَلِفُ الْمَقْصُوْرَةْ যোগ করতে হয়। যেমন- تَصْغُرُ থেকে صُغْرٰى

اِسْمُ التَّفْضِيْلْ -এর সীগাহ ৬টি নিম্নে এর রূপান্তর দেখানো হলো-

تَصْرِيْفُ اِسْمِ التَّفْضِيْلِ

তুলনামূলক আধিক্য অর্থজ্ঞাপক বিশেষ্যের রূপান্তর

اِسْمُ الصِّيْغَةِ	مَعْنٰى : অর্থ	تَصْرِيْفٌ : রূপান্তর	
		مَوْزُوْنْ	مَوْزُوْنْ بِهِ
وَاحِدِ مُذَكَّر	অধিক সুন্দর (একজন পুরুষ)	أَحْسَنُ	أَفْعَلُ
تَثْنِيَةْ مُذَكَّر	অধিক সুন্দর (দু'জন পুরুষ)	أَحْسَنَانِ	أَفْعَلَانِ
جَمْعْ مُذَكَّر	অধিক সুন্দর (সকল পুরুষ)	أَحْسَنُوْنَ /أَحَاسِنُ	أَفْعَلُوْنَ/أَفَاعِلُ
وَاحِدِ مُؤَنَّث	অধিক সুন্দরী (একজন স্ত্রী)	حُسْنٰى	فُعْلٰى
تَثْنِيَةْ مُؤَنَّث	অধিক সুন্দরী (দু'জন স্ত্রী)	حُسْنَيَانِ	فُعْلَيَانِ
جَمْعْ مُؤَنَّث	অধিক সুন্দরী (সকল স্ত্রী)	حُسَنٌ/حُسْنَيَاتٌ	فُعَلٌ/فُعْلَيَاتٌ

أَوْزَانُ اِسْمِ الْفَاعِلِ لِلْمُبَالَغَةِ -এর বর্ণনা

পচিরয় : যে اِسْم -এর মধ্যে ক্রিয়া সম্পাদনকারী গুণ অধিকহারে বিদ্যমান থাকে, তাকে اِسْمُ الْفَاعِلِ لِلْمُبَالَغَةِ (আধিক্যবোধক গুণবাচক বিশেষ্য) বলে। মূল তিন অক্ষরবিশিষ্ট ক্রিয়া হতে গঠিত اِسْمُ الْفَاعِلِ لِلْمُبَالَغَةِ -এর প্রসিদ্ধ ওযন ১৩টি । যথা-

اَلْمَوْزُوْنُ بِهِ	اَلْمَوْزُوْنُ	اَلْمَعْنٰى
١- فَعِلٌ	حَذِرٌ	অধিক সতর্ক
٢- فَعِيْلٌ	عَلِيْمٌ	অধিক জ্ঞানী
٣- فَعُوْلٌ	غَفُوْرٌ	অধিক ক্ষমাশীল
٤- فَعَّالٌ	عَلَّامٌ	অধিক জ্ঞানী
٥- فُعَّالٌ	كُبَّارٌ	অধিক বড়
٦- مِفْعَلٌ	مِفْضَلٌ	অধিক সম্মানিত
٧- مِفْعَالٌ	مِفْضَالٌ	অধিক মর্যাদার অধিকারী
٨- مِفْعِيْلٌ	مِنْطِيْقٌ	অধিক বাকপটু
٩- فُعُّوْلٌ	قُدُّوْسٌ	অধিক পবিত্র
١٠- فَعَّالَةٌ	عَلَّامَةٌ	অধিক জ্ঞানী
١١- فَيْعُوْلٌ	قَيُّوْمٌ	দণ্ডায়মান
١٢- فِعِّيْلٌ	صِدِّيْقٌ	অধিক সত্যবাদী
١٣- فَاعُوْلٌ	فَارُوْقٌ	অধিক পার্থক্যকারী

تَاءُ الْمُبَالَغَةِ : অনেক সময় **اِسْمُ الْفَاعِلِ لِلْمُبَالَغَةِ**-এর সীগার শেষে আরো বেশি আধিক্য বোঝানোর জন্য **تَاءُ الْمُبَالَغَةْ** যোগ করা হয়। যেমন– **عَلَّامَةٌ** -মহাজ্ঞানী, **فَخَّامَةٌ** - অধিক মর্যাদাবান।

اَلصِّفَةُ الْمُشَبَّهَةُ بِالْفِعْلِ-এর বর্ণনা

اَلصِّفَةُ الْمُشَبَّهَةُ-এর পরিচয় : صِفَةٌ مُشَبَّهَةٌ এমন এক **اِسْمُ مُشْتَقْ**-কে বলে, যা কোনো গুণকে গুণাধীকারীর জন্য স্থায়ীভাবে বোঝায়। এটি তিন অক্ষরবিশিষ্ট **فِعْلُ لَازِمْ** হতে স্থায়ীভাবে কোনো গুণ বোঝানোর জন্য গঠিত হয়।

যেমন- **حَسَنٌ** (স্থায়ী সৌন্দর্যের অধিকারী)।

নিম্নে বহুল প্রচলিত صِفَةٌ مُشَبَّهَةٌ -এর কতিপয় ওযন দেয়া হলো–

ক্রমিক নং	اَلْمَوْزُوْنُ بِهِ	اَلْمَوْزُوْنُ	অর্থ	বাব
১.	فَعْلٌ	صَعْبٌ	কঠিন, শক্ত	كَرُمَ
২.	فِعْلٌ	صِفْرٌ	শূন্য	سَمِعَ
৩.	فُعْلٌ	صُلْبٌ	প্রচণ্ড শক্তিশালী	كَرُمَ
৪.	فَعَلٌ	حَسَنٌ	সুন্দর, ভালো, পুণ্য	كَرُمَ
৫.	فَعِلٌ	خَشِنٌ	কঠিন, মজবুত	كَرُمَ
৬.	فَعُلٌ	نَدُسٌ	চালাক	سَمِعَ
৭.	فِعْلٌ	زِيْمٌ	এলোমেলো, বিরক্তিকর	ضَرَبَ
৮.	فِعِلٌ	بِلِزٌّ	মোটা	ضَرَبَ
৯.	فُعَلٌ	حُطَمٌ	চতুষ্পদ জন্তুকে রুক্ষভাবে চালক	ضَرَبَ
১০.	فُعُلٌ	جُنُبٌ	অপবিত্র	ضَرَبَ
১১.	أَفْعَلُ	أَحْمَرُ	লাল	ضَرَبَ
১২.	فَاعِلٌ	كَابِرٌ	বড়, জ্যেষ্ঠ	ضَرَبَ
১৩.	فَيْعِلٌ	جَيِّدٌ	খুব ভালো, উত্তম। (মূল جَيْوِدٌ ছিল)	كَرُمَ
১৪.	فُعَالٌ	شُجَاعٌ	সাহসী পুরুষ	نَصَرَ
১৫.	فِعَالٌ	هِجَانٌ	সাদা উট	كَرُمَ
১৬.	فَعَّالٌ	بَرَّاقٌ	উজ্জ্বল	كَرُمَ
১৭.	فَعِيْلٌ	كَرِيْمٌ	দানশীল	كَرُمَ
১৮.	فَعُوْلٌ	رَؤُوْفٌ	দয়ালু	فَتَحَ
১৯.	فَعْلَانٌ	عَطْشَانٌ	পিপাসিত	سَمِعَ
২০.	فَعَالٌ	جَبَانٌ	ভীতু	سَمِعَ

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১. اِسْمُ الْمُشْتَقْ কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

২. اِسْمُ الْفَاعِلْ কাকে বলে? উহার গঠন প্রণালী উদাহরণসহ বর্ণনা কর।

৩. اِسْمُ الْمَفْعُوْل কাকে বলে? উহার গঠন প্রণালী উদাহরণসহ বর্ণনা কর।

৪. اِسْمُ الظَّرْف কাকে বলে? উহা কত প্রকার ও কী কী? উদাহরণসহ বর্ণনা কর।

৫. اِسْمُ الْأَلَة কাকে বলে? উহা কত প্রকার ও কী কী? উদহারণসহ লেখ।

৬. اِسْمُ التَّفْضِيْل কাকে বলে? উহা কতপ্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

৭. اِسْمُ الْفَاعِلْ لِلْمُبَالَغَة-এর ওজনসমূহ উদাহরণসহ লেখ।

৮. صِفَةٌ مُشَبَّهَةٌ-এর ওজনসমূহ উদাহরণসহ লেখ

৯. নিচের فِعْلُ مُضَارِعْ গুলো থেকে اِسْمُ الْفَاعِلْ গঠন করে অর্থসহ রূপান্তর লেখ :

يَطْلُبُ – يَكْتُبُ – يَسْمَعُ – يَدْخُلُ – يَنْصُرُ – يَفْتَحُ – يَكْرُمُ .

১০. নিচের ইসমগুলোর সীগাহ, বহস ও অর্থ নির্ণয় কর :

مِفْتَاحٌ – مِلْعَقَةٌ – مِعْرَاجٌ – مِسْوَاكٌ – مِصْعَدٌ – مِضْرَبَةٌ – مَسَاجِدُ – أَعْلَمُ – أَكَابِرُ – فُضْلٰى – أَقْرَبُوْنَ – سَامِعٌ – شَاكِرُوْنَ – كَاتِبَةٌ – ذَاهِبَانِ – ضَارِبَاتٌ – طَالِبَتَانِ.

اَلدَّرْسُ الْحَادِىْ عَشَرَ : একাদশ পাঠ

أَبْوَابُ الْفِعْلِ

ফে‘লের بَابْ সমূহ

اَلْأَفْعَالُ الْمُتَصَرِّفَةُ মূল حَرْفِ-এর গঠন অনুসারে দু ভাগে বিভক্ত। যথা-

১. ثُـلَاثِـيٌّ ও ২. رُبَـاعِـيٌّ

ثُلَاثِـيٌّ-এর বর্ণনা : যার فِعْل مَاضِيْ-এর সীগায় حَرْفُ أَصْلِيٌّ তিনটি রয়েছে, তাকে ثُلَاثِـيٌّ বলে। যেমন- صَبَرَ، كَرُمَ، سَمِعَ، نَصَرَ ইত্যাদি। ثُلَاثِـيٌّ দু প্রকার। যথা-

১. ثُلَاثِـيٌّ مُـجَرَّدٌ ও ২. ثُلَاثِيٌّ مَزِيْدٌ فِيْهِ

১. ثُلَاثِـىْ مُجَرَّدْ : যার مَاضِيْ-এর সীগায় حَرْف أَصْلِى ব্যতীত অতিরিক্ত কোনো حَرْفْ পাওয়া যায় না, তাকে ثُلَاثِـىْ مُـجَرَّدْ বলে। যেমন- سَمِعَ، نَصَرَ ও ضَرَبَ ইত্যাদি।

ثُلَاثِـىْ مُـجَرَّدْ আবার দু ভাগে বিভক্ত। যেমন- ১. مُطَّرِدْ ও ২. شَاذٌّ ।

مُطَّرِدْ : যে فِعْل-এর وَزَنْ বেশি ব্যবহৃত হয়, তাকে مُطَّرِدْ বলে। যেমন- حَمِدَ- ضَرَبَ

شَاذْ : যে فِعْل-এর وَزَن কম ব্যবহৃত হয়, তাকে شَاذْ বলে। যেমন- فَضِلَ- كَادَ

২. ثُلَاثِـيْ مَزِيْدْ فِيْهِ : যার مَاضِيْ-এর সীগায় حَرْفُ أَصْلِيٌّ ছাড়াও অতিরিক্ত حَرْف পাওয়া যায়, তাকে ثُلَاثِـيْ مَزِيْدْ فِيْهِ বলে । যেমন- سَاعَدَ، اِجْتَنَبَ ও أَكْرَمَ ইত্যাদি।

ثُلَاثِـيْ مَزِيْدْ فِيْهِ আবার দু প্রকার। যথা- ১. مُلْحَقْ بِرُبَاعِيٌّ ও ২. غَيْرُ مُلْحَقْ بِرُبَاعِيٌّ

رُبَاعِى-এর বর্ণনা : যার فِعْل مَاضِيْ-এর সীগাহতে حَرْفُ أَصْلِيٌّ চারটি রয়েছে, তাকে رُبَاعِيٌّ বলে। যেমন- بَعْثَرَ؛ رُبَاعِي দু প্রকার। যথা- ১. رُبَاعِيٌّ مُجَرَّد ও ২. رُبَاعِى مَزِيْد فِيْه

رُبَاعِي مَزِيْد فِيْه আবার দু প্রকার। যথা-

১. رُبَاعِى مَزِيْد فِيْه بِهَمْزَةِ الْوَصْلِ ; যথা- اِبْرَنْشَقَ – اِحْرَنْجَمَ

২. رُبَاعِى مَزِيْد فِيْه بِغَيْرِ هَمْزَةِ الْوَصْلِ যথা- تَدَحْرَجَ – تَسَرْبَلَ

সংক্ষেপে فِعْل-এর بَابْ সমূহ

ثُلاَثِيْ مُجَرَّدْ	مُطَّرِدْ -এর ৫ বাব	١- نَصَرَ ٢- ضَرَبَ ٣- سَمِعَ ٤- فَتَحَ ٥- كَرُمَ
	شَاذْ-এর ৩ বাব	١- حَسِبَ ٢- فَضِلَ ٣- كَادَ
ثُلاَثِيْ مَزِيْد فِيْه	هَمْزَةُ الْوَصلْ-এর ৯ বাব	١- اِفْتِعَالٌ ٢- اِسْتِفْعَالٌ ٣- اِنْفِعَال ٤- اِفْعِلاَلٌ ٥- اِفْعِيْلاَلٌ ٦- اِفْعِيْعَالٌ ٧- اِفْعِوَّالٌ ٨- اِفَّاعُلٌ ٩- اِفَّعُّلٌ
	بِغَيْرِ هَمْزَةِ الْوَصل-এর ৫ বাব	١- إِفْعَالٌ ٢- تَفْعِيْلٌ ٣- تَفَعُّلٌ ٤- تَفَاعُلٌ ٥- مُفَاعَلَةٌ
رُبَاعِى	رُبَاعِى مُجَرَّدْ -এর ১ বাব	١- فَعْلَلَةٌ
	بِهَمْزَةِ الْوَصل-এর ২ বাব	١- اِفْعِنْلاَلٌ ٢- اِفْعِلَّالٌ
	بِغَيْرِ هَمْزَةِ الْوَصل-এর ১বাব	١- تَفَعْلُلٌ
ثُلاَثِيْ مَزِيْد فِيْه	مُلْحَقْ برُبَاعِى مُجَرَّدْ -এর ৭ বাব	١- فَعْلَلَةٌ ٢- فَعْنَلَةٌ ٣- فَعْوَلَةٌ ٤- فَوْعَلَةٌ ٥- فَيْعَلَةٌ ٦- فَعْيَلَةٌ ٧- فَعْلاَةٌ
	مُلْحَقْ برُبَاعِى بِتَدَحْرَجَ -এর ৮ বাব	١- تَفَعْلُلٌ ٢- تَفَعْنُلٌ ٣- تَمَفْعُلٌ ٤- تَفَعْلُةٌ ٥- تَفَوْعُلٌ ٦- تَفَعْوُلٌ ٧- تَفَيْعُلٌ ٨- تَفَعْيُلٌ
	مُلْحَقْ برُبَاعِى بِاِحْرَنْجَمَ -এর ২ বাব	١- اِفْعِنْلاَلٌ ٢- اِفْعِنْلاَءٌ

চিত্রের সাহায্যে مُنْشَعِبْ-এর باب সমূহ



ثُلَاثِيْ مُجَرَّدْ -এর সর্বমোট ৮ বাব	সর্বমোট ৪৩ বাব
ثُلَاثِيْ مَزِيْدْ فِيْهِ مُلْحَقْ بِرُبَاعِيْ -এর সর্বমোট ১৭ বাব	
ثُلَاثِيْ مَزِيْدْ فِيْهِ غَيْرِ مُلْحَقْ بِرُبَاعِيْ -এর সর্বমোট ১৪ বাব	
رُبَاعِيْ مُجَرَّدْ -এর ১ বাব	
رُبَاعِيْ مَزِيْدْ فِيْهِ -এর সর্বমোট ৩ বাব	

আরবি ভাষার ৪৩ বাব থেকে প্রসিদ্ধ ১১টি বাবের আলোচনা উল্লেখ করা হলো-

اَلْبَابُ الأَوَّلُ : প্রথম বাব

فَعَلَ ، يَفْعُلُ (نَصَرَ ، يَنْصُرُ)

بَابْ-এর فِعْلْ مُضَارِعْ مَعْرُوْفْ-এর عَيْنْ كَلِمَةْ যবরবিশিষ্ট হয় এবং فِعْل مَاضِيْ مَعْرُوْفْ পেশবিশিষ্ট হয়। যেমন- اَلنَّصْرُ وَالنُّصْرَةُ (সাহায্য করা)। এ বাবের تَصْرِيْفْ হলো-

نَصَرَ ، يَنْصُرُ ، نَصْرًا ، فَهُوَ نَاصِرٌ ، وَنُصِرَ ، يُنْصَرُ ، نَصْرًا ، فَهُوَ مَنْصُوْرٌ، اَلْأَمْرُ مِنْهُ اُنْصُرْ ، وَالنَّهْيُ عَنْهُ لَا تَنْصُرْ ، وَالظَّرْفُ مِنْهُ مَنْصَرٌ ، وَالآلَةُ مِنْهُ مِنْصَرٌ ، وَمِنْصَرَةٌ وَمِنْصَارٌ وَتَثْنِيَتُهُمَا مَنْصَرَانِ وَمِنْصَرَانِ ، وَالْـجَمْعُ مِنْهُمَا مَنَاصِرُ وَمَنَاصِيْرُ ، أَفْعَلُ التَّفْضِيْلِ مِنْهُ أَنْصَرُ، وَالْمُؤَنَّثُ مِنْهُ نُصْرٰى ، وَتَثْنِيَتُهُمَا أَنْصَرَانِ وَنُصْرَيَانِ وَالْـجَمْعُ مِنْهُمَا أَنْصَرُوْنَ وَأَنَاصِرُ وَنُصَرٌ وَنُصْرَيَاتٌ.

এ بَابْ-এর অধিক ব্যবহৃত কয়েকটি مَصْدَرْ নিম্নে প্রদত্ত হলো :

مَصْدَرْ	অর্থ	مَاضِيْ	مُضَارِعْ	أَمْرٌ	نَهْيٌ	اِسْمُ الْفَاعِلْ
اَلْقُعُوْدُ	বসা	قَعَدَ	يَقْعُدُ	اُقْعُدْ	لَا تَقْعُدْ	قَاعِدٌ
اَلتَّرْكُ	ছেড়ে দেয়া	تَرَكَ	يَتْرُكُ	اُتْرُكْ	لَا تَتْرُكْ	تَارِكٌ
اَلطَّلَبُ	তালাশ করা	طَلَبَ	يَطْلُبُ	اُطْلُبْ	لَا تَطْلُبْ	طَالِبٌ
اَلْفَسَادُ	বিশৃঙ্খলা করা	فَسَدَ	يَفْسُدُ	اُفْسُدْ	لَا تَفْسُدْ	فَاسِدٌ
اَلْحُكْمُ	বিচার করা	حَكَمَ	يَحْكُمُ	اُحْكُمْ	لَا تَحْكُمْ	حَاكِمٌ
اَلنَّقْضُ	ভঙ্গ করা	نَقَضَ	يَنْقُضُ	اُنْقُضْ	لَا تَنْقُضْ	نَاقِضٌ
اَلنَّظْرُ	দেখা	نَظَرَ	يَنْظُرُ	اُنْظُرْ	لَا تَنْظُرْ	نَاظِرٌ
اَلْكُفْرُ	অমান্য করা	كَفَرَ	يَكْفُرُ	اُكْفُرْ	لَا تَكْفُرْ	كَافِرٌ
اَلدِّرَاسَةُ	অধ্যয়ন করা	دَرَسَ	يَدْرُسُ	اُدْرُسْ	لَا تَدْرُسْ	دَارِسٌ
اَلرُّقُوْدُ	ঘুমানো	رَقَدَ	يَرْقُدُ	اُرْقُدْ	لَا تَرْقُدْ	رَاقِدٌ
اَلنَّسَجُ	বোনা	نَسَجَ	يَنْسُجُ	اُنْسُجْ	لَا تَنْسُجْ	نَاسِجٌ
اَلسَّتْرُ	গোপন করা	سَتَرَ	يَسْتُرُ	اُسْتُرْ	لَا تَسْتُرْ	سَاتِرٌ
اَلْحَرْثُ	চাষ করা	حَرَثَ	يَحْرُثُ	اُحْرُثْ	لَا تَحْرُثْ	حَارِثٌ

اَلْبَابُ الثَّانِيْ : দ্বিতীয় বাব

فَعَلَ ، يَفْعِلُ (ضَرَبَ ، يَضْرِبُ)

এ بَابْ-এর فِعْلِ مَاضِيْ مَعْرُوْف-এর عَيْنْ كَلِمَةْ যবরবিশিষ্ট হয় এবং فِعْلْ مُضَارِعْ مَعْرُوْف-এর عَيْنْ كَلِمَةْ যেরবিশিষ্ট হয়। যেমন- اَلضَّرْبُ وَالضَّرْبَةُ (প্রহার করা ও দৃষ্টান্ত স্থাপন করা)।

এ বাবের تَصْرِيْف হলো-

ضَرَبَ ، يَضْرِبُ ، ضَرْبًا ، فَهُوَ ضَارِبٌ ، وَضُرِبَ ، يُضْرَبُ ، ضَرْبًا فَهُوَ مَضْرُوْبٌ، اَلْأَمْرُ مِنْهُ اِضْرِبْ وَالنَّهْيُ عَنْهُ لَا تَضْرِبْ ، وَالظَّرْفُ مِنْهُ مَضْرِبٌ وَالْآلَةُ مِنْهُ مِضْرَبٌ، وَمِضْرَبَةٌ، وَمِضْرَابٌ، وَتَثْنِيَتُهُمَا مَضْرِبَانِ وَمِضْرَبَانِ وَالْجَمْعُ مِنْهُمَا مَضَارِبُ وَمَضَارِيْبُ، أَفْعَلُ التَّفْضِيْلِ مِنْهُ أَضْرَبُ وَالْمُؤَنَّثُ مِنْهُ ضُرْبٰى وَتَثْنِيَتُهُمَا أَضْرَبَانِ وَضُرْبَيَانِ وَالْجَمْعُ مِنْهُمَا أَضْرَبُوْنَ ، وَأَضَارِبُ ، وَضُرَبٌ وَضُرْبَيَاتٌ .

এ بَابْ-এর অধিক ব্যবহৃত কয়েকটি مَصْدَرْ নিম্নে প্রদত্ত হলো :

مَصْدَرْ	অর্থ	مَاضِيْ	مُضَارِعْ	أَمْرٌ	نَهْيٌ	اِسْمُ الْفَاعِلِ
اَلضَّرْبُ	প্রহার করা	ضَرَبَ	يَضْرِبُ	اِضْرِبْ	لاَ تَضْرِبْ	ضَارِبٌ
اَلْغَسْلُ	ধৌত করা	غَسَلَ	يَغْسِلُ	اِغْسِلْ	لاَ تَغْسِلْ	غَاسِلٌ
اَلْمَعْرِفَةُ	জানা/চেনা	عَرَفَ	يَعْرِفُ	اِعْرِفْ	لاَ تَعْرِفْ	عَارِفٌ
اَلْعَرْضُ	পেশ করা	عَرَضَ	يَعْرِضُ	اِعْرِضْ	لاَ تَعْرِضْ	عَارِضٌ
اَلْحَذْفُ	বিলুপ্ত করা	حَذَفَ	يَحْذِفُ	اِحْذِفْ	لاَ تَحْذِفْ	حَاذِفٌ
اَلْمَغْفِرَةُ	ক্ষমা করা	غَفَرَ	يَغْفِرُ	اِغْفِرْ	لاَ تَغْفِرْ	غَافِرٌ
اَلْفَصْلُ	পৃথক করা	فَصَلَ	يَفْصِلُ	اِفْصِلْ	لاَ تَفْصِلْ	فَاصِلٌ
اَلْخَتْمُ	শেষ করা	خَتَمَ	يَخْتِمُ	اِخْتِمْ	لاَ تَخْتِمْ	خَاتِمٌ
اَلظُّلْمُ	অত্যাচার করা	ظَلَمَ	يَظْلِمُ	اِظْلِمْ	لاَ تَظْلِمْ	ظَالِمٌ
اَلْغَرْسُ	রোপণ করা	غَرَسَ	يَغْرِسُ	اِغْرِسْ	لاَ تَغْرِسْ	غَارِسٌ
اَلْجُلُوْسُ	বসা	جَلَسَ	يَجْلِسُ	اِجْلِسْ	لاَ تَجْلِسْ	جَالِسٌ

২০২৩

اَلْبَابُ الثَّالِثُ : তৃতীয় বাব

فَعِلَ ، يَفْعَلُ (سَمِعَ، يَسْمَعُ)

এ بَابْ-এর فِعْل مُضَارِعْ مَعْرُوْف এর- فِعْل مَاضِىْ مَعْرُوْف-এর عَيْن كَلِمَةْ যেরবিশিষ্ট এবং عَيْن كَلِمَةْ যবরবিশিষ্ট হয়। যথা- اَلسَّمْعُ وَالسَّمَاعَةُ (শ্রবণ করা, কান পেতে রাখা)। এ বাবের تَصْرِيْف হলো-

سَمِعَ ، يَسْمَعُ ، سَمْعًا فَهُوَ سَامِعٌ ، وَسُمِعَ ، يُسْمَعُ ، سَمْعًا فَهُوَ مَسْمُوْعٌ ، اَلْأَمْرُ مِنْهُ اِسْمَعْ وَالنَّهْيُ عَنْهُ لَا تَسْمَعْ ، اَلظَّرْفُ مِنْهُ مَسْمَعٌ وَالآلَةُ مِنْهُ مِسْمَعٌ، وَمِسْمَعَةٌ، وَمِسْمَاعٌ، وَتَثْنِيَتُهُمَا مَسْمَعَانِ وَمِسْمَعَانِ وَالْجَمْعُ مِنْهُمَا مَسَامِعُ وَمَسَامِيْعُ، أَفْعَلُ التَّفْضِيْلِ مِنْهُ أَسْمَعُ، وَالْمُؤَنَّثُ مِنْهُ سُمْعٰى وَتَثْنِيَتُهُمَا أَسْمَعَانِ وَسُمْعَيَانِ وَالْجَمْعُ مِنْهُمَا أَسْمَعُوْنَ وَأَسَامِعُ وَسُمَعٌ وَسُمْعَيَاتٌ .

এ باب-এর অধিক ব্যবহৃত কয়েকটি مصدر নিম্নে প্রদত্ত হলো :

مَصْدَرْ	অর্থ	مَاضِىْ	مُضَارِعْ	أَمْرٌ	نَهْىٌ	اِسْمُ الْفَاعِلِ
اَلْعِلْمُ	অবগত হওয়া	عَلِمَ	يَعْلَمُ	اِعْلَمْ	لاَ تَعْلَمْ	عَالِمٌ
اَلْحِفْظُ	মুখস্থ করা	حَفِظَ	يَحْفَظُ	اِحْفَظْ	لاَ تَحْفَظْ	حَافِظٌ
اَلْجَهْلُ	অজ্ঞ থাকা	جَهِلَ	يَجْهَلُ	اِجْهَلْ	لاَ تَجْهَلْ	جَاهِلٌ
اَلْحَمْدُ	প্রশংসা করা	حَمِدَ	يَحْمَدُ	اِحْمَدْ	لاَ تَحْمَدْ	حَامِدٌ
اَلْفَهْمُ	বোঝা	فَهِمَ	يَفْهَمُ	اِفْهَمْ	لاَ تَفْهَمْ	فَاهِمٌ
اَلْغَضَبُ	রাগান্বিত হওয়া	غَضِبَ	يَغْضَبُ	اِغْضَبْ	لاَ تَغْضَبْ	غَاضِبٌ
اَلشَّهَادَةُ	সাক্ষ্য দেওয়া	شَهِدَ	يَشْهَدُ	اِشْهَدْ	لاَ تَشْهَدْ	شَاهِدٌ
اَلْبُخْلُ	কৃপণতা করা	بَخِلَ	يَبْخَلُ	اِبْخَلْ	لاَ تَبْخَلْ	بَاخِلٌ
اَلْفَرَحُ	খুশি হওয়া	فَرِحَ	يَفْرَحُ	اِفْرَحْ	لاَ تَفْرَحْ	فَارِحٌ
اَلْحُزْنُ	চিন্তিত হওয়া	حَزِنَ	يَحْزَنُ	اِحْزَنْ	لاَ تَحْزَنْ	حَازِنٌ
اَللَّبْسُ	পরিধান করা	لَبِسَ	يَلْبَسُ	اِلْبَسْ	لَا تَلْبِسْ	لَابِسٌ

اَلْبَابُ الرَّابِعُ : চতুর্থ বাব

فَعَلَ ، يَفْعَلُ (فَتَحَ يَفْتَحُ)

এ باب-এর فِعْل مُضَارِعْ مَعْرُوْف এবং فِعْل مَاضِىْ مَعْرُوْف উভয়ের عَيْن كَلِمَةْ যবরবিশিষ্ট হয়। যথা- اَلْفَتْحُ (খুলে দেওয়া)। এ বাবের تصريف হলো-

فَتَحَ ، يَفْتَحُ ، فَتْحًا فَهُوَ فَاتِحٌ ، وَفُتِحَ ، يُفْتَحُ ، فَتْحًا ، فَهُوَ مَفْتُوْحٌ ، اَلْأَمْرُ مِنْهُ اِفْتَحْ ، وَالنَّهْيُ عَنْهُ لا تَفْتَحْ وَالظَّرْفُ مِنْهُ مَفْتَحٌ وَالْأَلَةُ مِنْهُ مِفْتَحٌ ، وَمِفْتَحَةٌ ، وَمِفْتَاحُ، وَتَثْنِيَتُهُمَا مَفْتَحَانِ وَمِفْتَحَانِ وَالْجَمْعُ مِنْهُمَا مَفَاتِحُ وَمَفَاتِيْحُ ، أَفْعَلُ التَّفْضِيْل مِنْهُ أَفْتَحُ ، وَالْمُؤَنَّثُ مِنْهُ فُتْحٰى وَتَثْنِيَتُهُمَا أَفْتَحَانِ وَفُتْحَيَانِ وَالْجَمْعُ مِنْهُمَا أَفْتَحُوْنَ وَأَفَاتِحُ وَفُتَحٌ وَفُتْحَيَاتٌ .

এ باب-এর অধিক ব্যবহৃত কয়েকটি مصدر নিম্নে প্রদত্ত হলো :

اِسْمُ الْفَاعِلِ	نَهْىٌ	أَمْرٌ	مُضَارِعْ	مَاضِىْ	অর্থ	مَصْدَرْ
ذَاهِبٌ	لاَ تَذْهَبْ	اِذْهَبْ	يَذْهَبُ	ذَهَبَ	গমন করা	اَلذِّهَابُ
سَائِلٌ	لاَ تَسْأَلْ	اِسْأَلْ	يَسْأَلُ	سَأَلَ	প্রশ্ন করা	اَلسُّوَالُ
قَارِئٌ	لاَ تَقْرَأْ	اِقْرَأْ	يَقْرَأُ	قَرَأَ	পড়া	اَلْقِرَاءَةُ
مَانِعٌ	لاَ تَمْنَعْ	اِمْنَعْ	يَمْنَعُ	مَنَعَ	বাধা দেওয়া	اَلْمَنْعُ
جَارِحٌ	لاَ تَجْرَحْ	اِجْرَحْ	يَجْرَحُ	جَرَحَ	আঘাত করা	اَلْجَرْحُ
نَاجِحٌ	لاَ تَنْجَحْ	اِنْجَحْ	يَنْجَحُ	نَجَحَ	কৃতকার্য হওয়া	اَلنَّجَاحُ
لاَعِنٌ	لاَ تَلْعَنْ	اِلْعَنْ	يَلْعَنُ	لَعَنَ	অভিশাপ দেওয়া	اَللَّعْنُ
زَارِعٌ	لاَ تَزْرَعْ	اِزْرَعْ	يَزْرَعُ	زَرَعَ	চাষ করা	اَلزَّرْعُ
قَاطِعٌ	لاَ تَقْطَعْ	اِقْطَعْ	يَقْطَعُ	قَطَعَ	কাটা	اَلْقَطْعُ
بَادِئٌ	لاَ تَبْدَأْ	اِبْدَأْ	يَبْدَأُ	بَدَأَ	শুরু হওয়া	اَلْبَدْءُ
ظَاهِرٌ	لاَ تَظْهَرْ	اِظْهَرْ	يَظْهَرُ	ظَهَرَ	প্রকাশ পাওয়া	اَلظُّهُوْرُ
نَاصِحٌ	لاَ تَنْصَحْ	اِنْصَحْ	يَنْصَحُ	نَصَحَ	উপদেশ দেওয়া	اَلنُّصْحُ
مَادِحٌ	لاَ تَمْدَحْ	اِمْدَحْ	يَمْدَحُ	مَدَحَ	প্রশংসা করা	اَلْمَدْحُ

اَلْبَابُ الْخَامِسُ : পঞ্চম বাব

فَعُلَ ، يَفْعُلُ (كَرُمَ ، يَكْرُمُ)

এ باب-এর فِعْل مُضَارِعْ مَعْرُوْف এবং فِعْل مَاضِىْ مَعْرُوْف উভয়ের عَيْن كَلِمَةْ পেশবিশিষ্ট হবে। যথা- اَلْكَرَامَةُ وَالْكَرَمُ (সম্মানিত হওয়া)।

كَرُمَ ، يَكْرُمُ ، كَرَمًا وَكَرَامَةً ، فَهُوَ كَرِيْمٌ ، اَلْأَمْرُ مِنْهُ اُكْرُمْ ، وَالنَّهْيُ عَنْهُ لَا تَكْرُمْ ، اَلظَّرْفُ مِنْهُ مَكْرَمٌ وَالآلَةُ مِنْهُ مِكْرَمٌ ، وَمِكْرَمَةٌ ، وَمِكْرَامٌ ، وَتَثْنِيَتُهُمَا مَكْرَمَانِ ، وَمِكْرَمَانِ ، وَالْجَمْعُ مِنْهُمَا مَكَارِمُ وَمَكَارِيْمُ ، أَفْعَلُ التَّفْضِيْلِ مِنْهُ أَكْرَمُ ، وَالْمُؤَنَّثُ مِنْهُ كُرْمٰى ، وَتَثْنِيَتُهُمَا أَكْرَمَانِ ، وَكُرْمَيَانِ ، وَالْجَمْعُ مِنْهُمَا أَكْرَمُوْنَ ، وَأَكَارِمُ ، وَكُرَمٌ ، وَكُرْمَيَاتٌ.

এ باب-এর অধিক ব্যবহৃত কয়েকটি مصدر নিম্নে প্রদত্ত হলো :

مَصْدَرْ	অর্থ	مَاضِىْ	مُضَارِعْ	أَمْرٌ	نَهْىٌ	اِسْمُ الْفَاعِلِ
اَلْقُرْبُ	নিকটবর্তী হওয়া	قَرُبَ	يَقْرُبُ	اُقْرُبْ	لاَتَقْرُبْ	قَرِيْبٌ
اَلْبُعْدُ	দূরবর্তী হওয়া	بَعُدَ	يَبْعُدُ	اُبْعُدْ	لاَ تَبْعُدْ	بَعِيْدٌ
اَلْكَثْرَةُ	অধিক হওয়া	كَثُرَ	يَكْثُرُ	اُكْثُرْ	لاَ تَكْثُرْ	كَثِيْرٌ
اَلشَّرَافَةُ	ভদ্র হওয়া	شَرُفَ	يَشْرُفُ	اُشْرُفْ	لاَ تَشْرُفْ	شَرِيْفٌ
اَلْحُسْنُ	সুন্দর হওয়া	حَسُنَ	يَحْسُنُ	اُحْسُنْ	لاَ تَحْسُنْ	حَسِيْنٌ
اَلْقِصْرُ	খাট হওয়া	قَصُرَ	يَقْصُرُ	اُقْصُرْ	لاَ تَقْصُرْ	قَصِيْرٌ
اَلْكِبْرُ	বড় হওয়া	كَبُرَ	يَكْبُرُ	اُكْبُرْ	لاَ تَكْبُرْ	كَبِيْرٌ
اَللُّطْفُ	সূক্ষ্ম হওয়া	لَطُفَ	يَلْطُفُ	اُلْطُفْ	لاَ تَلْطُفْ	لَطِيْفٌ
اَلثِّقْلُ	ভারী হওয়া	ثَقُلَ	يَثْقُلُ	اُثْقُلْ	لاَ تَثْقُلْ	ثَقِيْلٌ
اَلْبَرَاعَةُ	দক্ষ হওয়া	بَرُعَ	يَبْرُعُ	اُبْرُعْ	لاَ تَبْرُعْ	بَرِيْعٌ
اَلصَّعُوْبَةُ	কঠিন হওয়া	صَعُبَ	يَصْعُبُ	اُصْعُبْ	لاَ تَصْعُبْ	صَعِيْبٌ
اَلْعِظَمُ	বড় হওয়া	عَظُمَ	يَعْظُمُ	اُعْظُمْ	لاَ تَعْظُمْ	عَظِيْمٌ

اَلْبَابُ السَّادِسُ : ষষ্ঠ বাব

بَاب اِفْتِعَالْ

এ বাবের فِعْل مَاضِيْ-এর শুরুতে هَمْزَةُ الْوَصَل এবং فَاء كَلِمَةْ ও عَيْن كَلِمَةْ-এর মাঝে تاء অতিরিক্ত হয়। যেমন– اَلْاِجْتِنَابُ- পরিহার করা, বিরত থাকা। এ বাবের تَصْرِيْف হলো-

اِجْتَنَبَ يَجْتَنِبُ اِجْتِنَابًا فَهُوَ : مُجْتَنِبٌ وَاُجْتُنِبَ يُجْتَنَبُ اِجْتِنَابًا فَهُوَ : مُجْتَنَبٌ اَلْأَمْرُ مِنْهُ : اِجْتَنِبْ وَالنَّهْىُ عَنْهُ : لَا تَجْتَنِبْ.

এ باب-এর অধিক ব্যবহৃত কয়েকটি مصدر নিম্নে প্রদত্ত হলো :

مَصْدَرْ	অর্থ	مَاضِىْ	مُضَارِعْ	أَمْرٌ	نَهْىٌ	اِسْمُ الْفَاعِلِ
اَلِاقْتِبَاسُ	চয়ন করা	اِقْتَبَسَ	يَقْتَبِسُ	اِقْتَبِسْ	لاَ تَقْتَبِسْ	مُقْتَبِسُ
اَلِاعْتِزَالُ	পৃথক হয়ে যাওয়া	اِعْتَزَلَ	يَعْتَزِلُ	اِعْتَزِلْ	لاَ تَعْتَزِلْ	مُعْتَزِلٌ
اَلِالْتِمَاسُ	তালাশ করা	اِلْتَمَسَ	يَلْتَمِسُ	اِلْتَمِسْ	لاَ تَلْتَمِسْ	مُلْتَمِسٌ
اَلِاحْتِمَالُ	সম্ভাবনা থাকা	اِحْتَمَلَ	يَحْتَمِلُ	اِحْتَمِلْ	لاَ تَحْتَمِلْ	مُحْتَمِلٌ
اَلِاشْتِرَاكُ	অংশগ্রহণ করা	اِشْتَرَكَ	يَشْتَرِكُ	اِشْتَرِكْ	لاَ تَشْتَرِكْ	مُشْتَرِكٌ
اَلِانْتِصَارُ	বিজয় লাভ করা	اِنْتَصَرَ	يَنْتَصِرُ	اِنْتَصِرْ	لاَ تَنْتَصِرْ	مُنْتَصِرٌ

اَلْبَابُ السَّابِعُ : সপ্তম বাব

بَاب اِسْتِفْعَالٌ

এ বাবের فِعْل مَاضِىْ-এর শুরুতে هَمْزَةُ الْوَصَل এবং سين ও تاء অতিরিক্ত হয়। যেমন, اَلْاِسْتِنْصَارُ - সাহায্য প্রার্থনা করা। এ বাবের تَصْرِيْف হলো-

اِسْتَنْصَرَ يَسْتَنْصِرُ اِسْتِنْصَارًا فَهُوَ : مُسْتَنْصِرٌ وَاُسْتُنْصِرَ يُسْتَنْصَرُ اِسْتِنْصَارًا فَهُوَ : مُسْتَنْصَرٌ اَلْأَمْرُ مِنْه : اِسْتَنْصِرْ وَالنَّهْىُ عَنْهُ: لَا تَسْتَنْصِرْ.

এ بَاب-এর অধিক ব্যবহৃত কয়েকটি مصدر নিম্নে প্রদত্ত হলো :

اِسْمُ الْفَاعِلِ	نَهْيٌ	أَمْرٌ	مُضَارِعٌ	مَاضِيْ	অর্থ	مَصْدَرْ
مُسْتَغْفِرٌ	لاَ تَسْتَغْفِرْ	اِسْتَغْفِرْ	يَسْتَغْفِرُ	اِسْتَغْفَرَ	ক্ষমা চাওয়া	اَلْاِسْتِغْفَارُ
مُسْتَخْلِفٌ	لاَ تَسْتَخْلِفْ	اِسْتَخْلِفْ	يَسْتَخْلِفُ	اِسْتَخْلَفَ	খলিফা বানানো	اَلاِسْتِخْلاَفُ
مُسْتَمْتِعٌ	لاَ تَسْتَمْتِعْ	اِسْتَمْتِعْ	يَسْتَمْتِعُ	اِسْتَمْتَعَ	ভোগ করা	اَلاِسْتِمْتَاعُ
مُسْتَأْذِنٌ	لاَ تَسْتَأْذِنْ	اِسْتَأْذِنْ	يَسْتَأْذِنُ	اِسْتَأْذَنَ	অনুমতি চাওয়া	اَلاِسْتِيْذَانُ
مُسْتَسْلِمٌ	لاَ تَسْتَسْلِمْ	اِسْتَسْلِمْ	يَسْتَسْلِمُ	اِسْتَسْلَمَ	আনুগত্য করা	اَلاِسْتِسْلاَمُ
مُسْتَكْبِرٌ	لاَ تَسْتَكْبِرْ	اِسْتَكْبِرْ	يَسْتَكْبِرُ	اِسْتَكْبَرَ	বড়াই করা	اَلاِسْتِكْبَارُ
مُسْتَعْمِلٌ	لاَ تَسْتَعْمِلْ	اِسْتَعْمِلْ	يَسْتَعْمِلُ	اِسْتَعْمَلَ	ব্যবহার করা	اَلاِسْتِعْمَالُ

اَلْبَابُ الثَّامِنُ : অষ্টম বাব

بَاب إِفْعَال

এ বাবের فِعْل مَاضِيْ-এর فَاء كَلِمَةْ-এর পূর্বে هَمْزَة قَطْعِيَّة হয়। যেমন اَلْإِكْرَامُ - সম্মান করা। এ বাবের تَصْرِيْف হলো-

أَكْرَمَ يُكْرِمُ إِكْرَامًا فَهُوَ : مُكْرِمٌ وأُكْرِمَ يُكْرَمُ إِكْرَامًا فَهُوَ : مُكْرَمٌ اَلْأَمْرُ مِنْهُ : أَكْرِمْ وَالنَّهْيُ عَنْهُ : لاَ تُكْرِمْ

এ بَاب-এর অধিক ব্যবহৃত কয়েকটি مصدر নিম্নে প্রদত্ত হলো :

اِسْمُ الْفَاعِلِ	نَهْيٌ	أَمْرٌ	مُضَارِعٌ	مَاضِيْ	অর্থ	مَصْدَرْ
مُسْلِمٌ	لاَ تُسْلِمْ	أَسْلِمْ	يُسْلِمُ	أَسْلَمَ	ইসলাম গ্রহণ করা	اَلْإِسْلاَمُ
مُذْهِبٌ	لاَ تُذْهِبْ	أَذْهِبْ	يُذْهِبُ	أَذْهَبَ	দূর করে দেওয়া	اَلْإِذْهَابُ
مُعْلِنٌ	لاَ تُعْلِنْ	أَعْلِنْ	يُعْلِنُ	أَعْلَنَ	ঘোষণা দেওয়া	اَلْإِعْلاَنُ
مُكْمِلٌ	لاَ تُكْمِلْ	أَكْمِلْ	يُكْمِلُ	أَكْمَلَ	পরিপূর্ণ করা	اَلْإِكْمَالُ
مُعْلِمٌ	لاَ تُعْلِمْ	أَعْلِمْ	يُعْلِمُ	أَعْلَمَ	জানিয়ে দেওয়া	اَلْإِعْلاَمُ
مُخْبِرٌ	لَا تُخْبِرْ	أَخْبِرْ	يُخْبِرُ	أَخْبَرَ	সংবাদ দেওয়া	اَلْإِخْبَارُ

اَلْبَابُ التَّاسِعُ : নবম বাব

بَاب تَفْعِيْل

এ বাবের فِعْل مَاضِيْ-এর عَيْن كَلِمَةْ টি مُكَرَّرْ হয়। যেমন- اَلتَّصْرِيْف - রূপান্তর করা। এ বাবের تَصْرِيْف হলো-

صَرَّف يُصَرِّفُ تَصْرِيْفًا فَهُوَ : مُصَرِّفٌ وصُرِّفَ يُصَرَّفُ تَصْرِيْفًا فَهُوَ : مُصَرَّفٌ اَلْأَمْرُ مِنْهُ : صَرِّفْ وَالنَّهْيُ عَنْه : لَا تُصَرِّفْ .

এ باب-এর অধিক ব্যবহৃত কয়েকটি مصدر নিম্নে প্রদত্ত হলো :

مَصْدَرْ	অর্থ	مَاضِيْ	مُضَارِعْ	أَمْرٌ	نَهْيٌ	اِسْمُ الْفَاعِلِ
اَلتعْذِيْبُ	শাস্তি দেওয়া	عَذَّبَ	يُعَذِّبُ	عَذِّبَ	لاَ تُعَذِّبْ	مُعَذِّبٌ
اَلترْجِيْحُ	প্রাধান্য দেওয়া	رَجَّحَ	يُرَجِّحُ	رَجِّحَ	لاَ تُرَجِّحْ	مُرَجِّحٌ
اَلتطْهِيْرُ	পবিত্র করা	طَهَّرَ	يُطَهِّرُ	طَهِّرَ	لاَ تُطَهِّرْ	مُطَهِّرٌ
اَلتحْرِيْكُ	নাড়া দেওয়া	حَرَّكَ	يُحَرِّكُ	حَرِّكَ	لاَ تُحَرِّكْ	مُحَرِّكٌ
اَلتَّمْلِيْكُ	মালিক বানানো	مَلَّكَ	يُمَلِّكُ	مَلِّكَ	لاَ تُمَلِّكْ	مُمَلِّكٌ

اَلْبَابُ الْعَاشِرُ : দশম বাব

بَاب تَفَعُّل

এ বাবের فِعْل مَاضِي-এর فَاء كَلِمَةْ-এর পূর্বে تاء এবং عَيْن كَلِمَةْ টি مُكَرَّرْ হয়। যেমন– اَلتَّقَبُّلُ - গ্রহণ করা, কবুল করা। এ বাবের تصريف হলো-

تَقَبَّلَ يَتَقَبَّلُ تَقَبُّلاً فَهُوَ : مُتَقَبِّلٌ وتُقُبِّلَ يُتَقَبَّلُ تَقَبُّلاً فَهُوَ : مُتَقَبَّلٌ اَلْأَمْرُ مِنْه : تَقَبَّلْ وَالنَّهْيُ عَنْهُ : لاَ تَتَقَبَّلْ

এ بَاب-এর অধিক ব্যবহৃত কয়েকটি مصدر নিম্নে প্রদত্ত হলো :

مَصْدَرْ	অর্থ	مَاضِيْ	مُضَارِعْ	أَمْرٌ	نَهْيٌ	اِسْمُ الْفَاعِلِ
اَلتَّبَسُّمُ	মুচকি হাসা	تَبَسَّمَ	يَتَبَسَّمُ	تَبَسَّمْ	لاَ تَتَبَسَّمْ	مُتَبَسِّمٌ
اَلتَّعَلُّمُ	শিক্ষার্জন করা	تَعَلَّمَ	يَتَعَلَّمُ	تَعَلَّمْ	لاَ تَتَعَلَّمْ	مُتَعَلِّمٌ
اَلتَّكَلُّمُ	কথা বলা	تَكَلَّمَ	يَتَكَلَّمُ	تَكَلَّمْ	لاَ تَتَكَلَّمْ	مُتَكَلِّمٌ
اَلتَّجَنُّبُ	বিরত থাকা	تَجَنَّبَ	يَتَجَنَّبُ	تَجَنَّبْ	لاَ تَتَجَنَّبْ	مُتَجَنِّبٌ
اَلتَّهَجُّدُ	তাহাজ্জুদ পড়া	تَهَجَّدَ	يَتَهَجَّدُ	تَهَجَّدْ	لاَ تَتَهَجَّدْ	مُتَهَجِّدٌ
اَلتَّفَكُّرُ	চিন্তা-গবেষণা করা	تَفَكَّرَ	يَتَفَكَّرُ	تَفَكَّرْ	لاَ تَتَفَكَّرْ	مُتَفَكِّرٌ

اَلْبَابُ الْحَادِيْ عَشَرَ : একাদশ বাব

بَاب مُفَاعَلَةْ

এ বাবের فِعْل مَاضِيْ-এর فَاء كَلِمَةْ-এবং عَيْن كَلِمَةْ-এর মাঝে أَلِف অতিরিক্ত হয়। যেমন– اَلْمُقَاتَلَةُ وَ الْقِتَالُ - পরস্পর লড়াই করা। এ বাবের تَصْرِيْف হলো-

قَاتَلَ يُقَاتِلُ مُقَاتَلَةً وَقِتَالاً فَهُوَ : مُقَاتِلٌ وقُوْتِلَ يُقَاتَلُ مُقَاتَلَةً وَقِتَالاً فَهُوَ : مُقَاتَلٌ اَلْأَمْرُ مِنْهُ : قَاتِلْ وَالنَّهْيُ عَنْهُ : لَا تُقَاتِلْ .

এ بَاب-এর অধিক ব্যবহৃত কয়েকটি مصدر নিম্নে প্রদত্ত হলো :

مَصْدَرْ	অর্থ	مَاضِيْ	مُضَارِعْ	أَمْرٌ	نَهْيٌ	اِسْمُ الْفَاعِلِ
اَلْمُعَاقَبَةُ	শাস্তি দেওয়া	عَاقَبَ	يُعَاقِبُ	عَاقِبْ	لاَ تُعَاقِبْ	مُعَاقِبٌ
اَلْمُخَادَعَةُ	ধোঁকা দেওয়া	خَادَعَ	يُخَادِعُ	خَادِعْ	لاَ تُخَادِعْ	مُخَادِعٌ
اَلْمُبَارَكَةُ	বরকত দেওয়া	بَارَكَ	يُبَارِكُ	بَارِكْ	لاَ تُبَارِكْ	مُبَارِكٌ
اَلْمُجَادَلَةُ	ঝগড়া করা	جَادَلَ	يُجَادِلُ	جَادِلْ	لاَ تُجَادِلْ	مُجَادِلٌ

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। ثُلَاثِيْ مجرد কাকে বলে? এর সর্বমোট باب কয়টি ও কী কী? উল্লেখ কর।

২। ثُلَاثِيْ ও رُبَاعِى কাকে বলে? উদাহরণসহ বর্ণনা কর।

৩। ثُلَاثِيْ مَزِيْدْ فِيْهِ কাকে বলে? উহা কত প্রকার ও কী কী? লেখ।

৪। ثُلَاثِيْ مَزِيْد فِيه غَيْر مُلْحَقْ بِرُبَاعِى -এর সর্বমোট বাব কয়টি ও কী কী? উল্লেখ কর।

৫। اَلطَّلَبُ মাসদার দ্বারা صَرْفُ صَغِيْر বর্ণনা কর।

৬। اَلْكِتَابَةُ মাসদার দ্বারা صَرْفُ صَغِيْر উল্লেখ কর।

৭। اَلْغُسْلُ কোন বাবের মাসদার? উহা দ্বারা صَرْفُ صَغِيْر উল্লেখ কর।

اَلْوَحْدَةُ الثَّانِيَةُ : দ্বিতীয় ইউনিট

قِسْمُ عِلْمِ النَّحْوِ
ইলমে নাহু অংশ

اَلدَّرْسُ الْأَوَّلُ : প্রথম পাঠ

تَعْرِيْفُ عِلْمِ النَّحْوِ
ইলমে নাহুর পরিচয়

عِلْمُ النَّحْوِ-এর পরিচয় :

عِلْمٌ ও اَلنَّحْوُ দুটি শব্দের সমন্বয়ে عِلْمُ النَّحْوِ গঠিত। عِلْمٌ শব্দটি একবচন। বহুবচনে عُلُوْمٌ অর্থ- বিদ্যা, জ্ঞান, শাস্ত্র, জানা ইত্যাদি। আর نَحْو শব্দটি একবচন, বহুবচনে أَنْحَاءٌ অর্থ- ইচ্ছা পোষণ, অনুরূপ, দিক, পথ, উপমা ইত্যাদি। সুতরাং عِلْمُ النَّحْوِ-এর সমন্বিত অর্থ হলো- নাহুর জ্ঞান বা নাহু শাস্ত্র।

পরিভাষায় عِلْمُ النَّحْوِ হলো–

عِلْمُ النَّحْوِ عِلْمٌ يُعْرَفُ بِهِ أَحْوَالُ أَوَاخِرِ الْكَلَامِ إِعْرَابًا وَبِنَاءً.

অর্থাৎ, ইলমে নাহু হলো এমন শাস্ত্র, যার দ্বারা مُعْرَبْ ও مَبْنِيْ হওয়ার দিক থেকে আরবি বাক্যের শেষের অবস্থাসমূহ জানা যায়।

বস্তুত যে নিয়ম-কানুন জানার দ্বারা مُعْرَبْ ও مَبْنِيْ হওয়ার দিক থেকে বাক্যে ব্যবহৃত ইসম, ফে'ল ও হরফ-এর শেষ অক্ষরের إِعْرَابْ তথা رَفَعْ বা نَصَبْ বা جَرْ-এর অবস্থা এবং বিভিন্ন শব্দের পরস্পরের সাথে সংযোজন করে বাক্য গঠন করার পদ্ধতি জানা যায়, তাকে عِلْمُ النَّحْوِ বলে।

عِلْمُ النَّحْوِ -এর আলোচ্য বিষয় :

ইলমে নাহুর আলোচ্য বিষয় হলো- كَلِمَةٌ ও كَلَامٌ তথা শব্দ ও বাক্য।

عِلْمُ النَّحْوِ -এর উদ্দেশ্য :

নাহু শাস্ত্রের উদ্দেশ্য হলো- আরবি ভাষা ব্যবহারে শাব্দিক ভুল-ত্রুটি থেকে মুক্ত থাকা।

عِلْمُ النَّحْوِ -এর নামকরণ ও সংকলনের ইতিহাস :

বর্ণিত আছে, একদা হযরত আবুল আসওয়াদ আদ দুয়ালী (রহ.) নামক তাবেয়ী এক ব্যক্তিকে إِنَّ اللّٰهَ بَرِيْءٌ مِّنَ الْمُشْرِكِيْنَ وَرَسُوْلِهٖ আয়াতে رَسُوْلِهٖ শব্দের لَامٌ বর্ণে পেশের স্থলে যের দিয়ে পড়তে শুনেন। এর অর্থ হলো নিশ্চয় আল্লাহ তাআলা মুশরিকদের প্রতি ও তাঁর রসূলের প্রতি অসন্তুষ্ট। এ অর্থটি আয়াতটির বাস্তব উদ্দেশ্যের বিপরীত এবং এটা কুফরী কথার দিকে নিয়ে যায়। এর বিশুদ্ধ পঠন হলো وَرَسُوْلُهٗ (লাম বর্ণে পেশ দিয়ে) অর্থাৎ, নিশ্চয়ই আল্লাহ তাআলা ও তাঁর রসুল (ﷺ) মুশরিকদের থেকে মুক্ত।

প্রথমোক্ত পঠন শুনে আবুল আসওয়াদ আদ দুয়ালী (রহমাতুল্লাহি আলাইহি) মনঃক্ষুণ্ন হয়ে হযরত আলী (رضي الله عنه)-এর দরবারে গিয়ে এ ঘটনা ব্যক্ত করে বলেন যে, মানুষ নিয়ম-কানুন না জানার কারণে কুফরী কথা বলে থাকে। মুহতারাম ! আপনি যদি আমাকে অনুমতি দেন, তবে আমি এমন একটি বিধি-বিধান তৈরি করবো, যা দ্বারা মানুষ শুদ্ধ আরবি বলতে ও লিখতে পারবে। তখন আলী (رضي الله عنه) বলেন, اُقْصُدْ نَحْوَهٗ অর্থাৎ, অনুরূপ মনোনিবেশ কর। এক্ষেত্রে হযরত আলী (رضي الله عنه) কিছু দিক নির্দেশনা প্রদান করেন। অতঃপর হযরত আবুল আসওয়াদ আদ দুয়ালী (রহমাতুল্লাহি আলাইহি) তাঁর কথা মতো বেশ কিছু নিয়ম-কানুন লিখে হযরত আলী (رضي الله عنه)-কে দেখান। তখন আলী (رضي الله عنه) বলেন, مَا أَحْسَنَ هٰذَا النَّحْوَ الَّذِىْ نَحَوْتَهٗ অর্থাৎ, তুমি যে পদ্ধতি গ্রহণ করেছো, তা কতই না সুন্দর!

এভাবে আলী (رضي الله عنه) তাঁর বক্তব্যে বার বার نَحْوٌ শব্দটি ব্যবহার করার কারণে পরবর্তীকালে সকল সুধীবৃন্দ এ শব্দটিকেই শাস্ত্রটির নামকরণ হিসেবে পছন্দ করেন। তাই এ শাস্ত্রের নামকরণ করেন عِلْمُ النَّحْوِ (ইলমুন নাহু)।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। عِلْمُ النَّحْوِ এর সংজ্ঞা বর্ণনা কর।

২। عِلْمُ النَّحْوِ এর غرض ও موضوع সম্পর্কে আলোচনা কর।

৩। عِلْمُ النَّحْوِ এর নামকরণ ও সংকলনের ইতিহাস লিখ।

اَلدَّرْسُ الثَّانِيْ : দ্বিতীয় পাঠ

اَلْاِسْمُ وَأَقْسَامُهُ

ইসম ও তার প্রকারসমূহ

নিচের উদাহরণগুলোর প্রতি লক্ষ্য কর-

الف		ب		ج	
غَنَمٌ	একটি ছাগল	خَدِيْجَةُ	খাদিজা	إِبْرَاهِيْمُ	ইবরাহীম
قَلَمٌ	একটি কলম	اَلدَّجَاجَةُ	মুরগীটি	اَلْبَيْتُ	বাড়িটি
جَوَّالٌ	একটি মোবাইল	اَلْمُعَلِّمَةُ	শিক্ষিকা	مِصْرُ	মিসর
د		ه		و	
طَالِبٌ	একজন ছাত্র	طَالِبَانِ	দুজন ছাত্র	طُلَّابٌ	অনেক ছাত্র
صَدِيْقٌ	একজন বন্ধু	صَدِيْقَانِ	দুজন বন্ধু	أَصْدِقَاءُ	অনেক বন্ধু
رَجُلٌ	একজন লোক	رَجُلَانِ	দুজন লোক	رِجَالٌ	অনেক লোক

উপরের উদাহরণগুলোর প্রতি লক্ষ্য কর। প্রত্যেকটি শব্দ দ্বারা এক একটি নামবাচক শব্দ বোঝায়। 'الف' ও 'ج' অংশের শব্দগুলো দ্বারা পুরুষবাচক বোঝানো হয়েছে এবং শব্দগুলোর শেষে 'ة' (গোল তা) নেই। কিন্তু 'ب' অংশের শব্দগুলো দ্বারা স্ত্রীবাচক বোঝানো হয়েছে এবং প্রত্যেকটি শব্দের শেষে 'ة' (গোল-তা) রয়েছে।

অন্যদিকে 'الف' অংশের প্রত্যেকটি শব্দ অনির্দিষ্ট কোনো একজন ব্যক্তি বা বস্তুকে বোঝায়। আর 'ب' অংশের প্রতিটি শব্দ নির্দিষ্ট ব্যক্তি বা বস্তুকে বোঝায়।

অন্যদিকে 'د' অংশের শব্দগুলো একজন ব্যক্তি বা একটি বস্তু বোঝায়। 'ه' অংশের শব্দগুলো দুজন ব্যক্তি বা দুটি বস্তু বোঝায়। 'و' অংশের শব্দগুলো দুয়ের অধিক ব্যক্তি বা বস্তু বোঝায়।

اَلْقَوَاعِدُ

اِسْمٌ-এর পরিচয় : اِسْمٌ শব্দটি একবচন। বহুবচনে أَسْمَاءٌ অর্থ- নাম, বিশেষ্য, উচ্চ হওয়া ইত্যাদি। পরিভাষায় যে শব্দ দ্বারা কোনো ব্যক্তি, জাতি, বস্তু, স্থান, সময়, সংখ্যা, দোষ, গুণ, অবস্থা ও কাজের নাম বোঝায় এবং যে শব্দ অন্য শব্দের সহযোগিতা ছাড়াই নিজের অর্থ নিজে প্রকাশ করতে সক্ষম ও যে শব্দ কোনো কালের সাথে সম্পৃক্ত নয়, তাকে اِسْمٌ বলে। যেমন-

ক. ব্যক্তির নাম : نَعِيْمٌ – فَاطِمَةُ – إِبْرَاهِيْمُ – مَحْمُوْدٌ – سَعِيْدٌ – خَالِدٌ

খ. বস্তুর নাম : سَبُّوْرَةٌ – حَقِيْبَةٌ – كُرَّاسَةٌ – كِتَابٌ – قَلَمٌ – كُرْسِيٌّ

গ. জাতির নাম : فَرَسٌ – غَنَمٌ – جَمَلٌ – بَقَرٌ – جِنٌّ – إِنْسَانٌ

ঘ. স্থানের নাম : سُوْقٌ – مَدْرَسَةٌ – مَسْجِدٌ – مَدِيْنَةٌ – دَاكَا

ঙ. সময়ের নাম : نَهَارٌ- لَيْلٌ – يَوْمٌ – شَهْرٌ – سَنَةٌ – أُسْبُوْعٌ – سَاعَةٌ

চ. সংখ্যার নাম : مِائَةٌ – سِتَّةٌ – خَمْسَةٌ – أَرْبَعَةٌ – ثَلَاثَةٌ – عَشَرَةٌ

ছ. কাজের নাম : اَلنَّصْرُ – اَلدُّخُوْلُ – اَلْقِرَاءَةُ – اَلنَّظْرُ – اَلْأَكْلُ – اَلشُّرْبُ

জ. দোষ ও গুণের নাম : شَرٌّ – خَيْرٌ – جَاهِلٌ – عَالِمٌ- أَبْيَضُ – أَسْوَدُ

ঝ. অবস্থার নাম : طَالِبٌ – لَاعِبٌ – اَكِلٌ – ضَاحِكٌ – جَالِسٌ – نَائِمٌ – قَاعِدٌ – قَائِمٌ

اِسْم-এর প্রকার : বিভিন্ন দৃষ্টিকোণ থেকে اِسْمٌ -এর বিভিন্ন প্রকার রয়েছে। যথা-

ক. লিঙ্গভেদে اِسْمٌ দু প্রকার। যথা– ১। مُذَكَّرٌ (পুংলিঙ্গ) ও ২। مُؤَنَّثٌ (স্ত্রীলিঙ্গ)।

مُذَكَّرٌ -এর বর্ণনা : যে اِسْمٌ দ্বারা পুরুষবাচক ব্যক্তি, প্রাণী ইত্যাদি বোঝায়, তাকে **مُذَكَّرٌ** (পুংলিঙ্গ) বলে। যেমন- ثَوْرٌ، رَجُلٌ، خَالِدٌ، بَكْرٌ ইত্যাদি।

مُؤَنَّثٌ -এর বর্ণনা : যে اِسْمٌ দ্বারা স্ত্রীবাচক ব্যক্তি বা প্রাণী বোঝায়, তাকে **مُؤَنَّثٌ** (স্ত্রীলিঙ্গ) বলে। যেমন- عَيْنٌ ، دَجَاجَةٌ ، طَاوِلَةٌ، فَاطِمَةُ ইত্যাদি।

مُؤَنَّثٌ তিন প্রকার। যেমন-

১. مُؤَنَّثٌ حَقِيْقِيٌّ , ২. مُؤَنَّثٌ غَيْرُ حَقِيْقِيٍّ ও ৩. مُؤَنَّثٌ سِمَاعِيٌّ

১. مُؤَنَّثٌ حَقِيْقِيٌّ : যে اِسْم দ্বারা বাস্তবে স্ত্রীবাচক ব্যক্তি বা প্রাণী বোঝায়, তাকে مُؤَنَّثٌ حَقِيْقِيٌّ বলে। এরূপ مُؤَنَّثٌ-এর বিপরীতে বাস্তবে مُذَكَّرٌ থাকে।

যেমন- دَجَاجَةٌ ، إِمْرَأَةٌ ، فَاطِمَةُ ইত্যাদি।

২. مُؤَنَّثٌ غَيْرُ حَقِيْقِيٍّ : যে اِسْمٌ দ্বারা বাস্তবে স্ত্রীবাচক ব্যক্তি বা প্রাণী বোঝায় না, তবে এর মাঝে مُؤَنَّثٌ -এর চিহ্ন পাওয়া যায়, তাকে مُؤَنَّثٌ غَيْرُ حَقِيْقِيٍّ বলে।

যেমন- فَاكِهَةٌ، طَاوِلَةٌ ইত্যাদি।

৩. مُؤَنَّثٌ سِمَاعِيٌّ : যে اِسْمٌ দ্বারা প্রকৃত স্ত্রীবাচক কোনো সত্ত্বাকে বোঝায় না, যার মধ্যে مُؤَنَّثٌ -এর কোনো চিহ্নও পাওয়া যায় না বরং আরবরা যাকে مُؤَنَّثٌ হিসেবে ব্যবহার করে এরূপ ইসমকে مُؤَنَّثٌ سِمَاعِيٌّ (শ্রুত স্ত্রীলিঙ্গ) বলে।

যেমন- أَرْضٌ، يَدٌ، عَيْنٌ، دَارٌ، شَمْسٌ ইত্যাদি।

مُؤَنَّثٌ -এর আলামত : مُؤَنَّثٌ -এর আলামতগুলো হলো-

১। শব্দের শেষে 'ة' (গোল তা) হওয়া। যেমন– عَائِشَةُ ، شَاعِرَةٌ ، كَاتِبَةٌ

২। শব্দের শেষে أَلِفُ مَقْصُوْرَةْ হওয়া। যেমন– كُرْمٰى ، سَلْمٰى، فُضْلٰى

৩। শব্দের শেষে أَلِفُ مَمْدُوْدَةْ হওয়া। যেমন- صَحْرَاءُ ، حَمْرَاءُ

৪। শব্দের শেষে উহ্য ة (গোল তা) হওয়া। যেমন- أَرْضٌ শব্দটি মূলে أَرْضَةٌ ছিল।

খ. নির্দিষ্ট ও অনির্দিষ্টের ভিত্তিতে اِسْمٌ দু প্রকার। যথা-

১. مَعْرِفَةٌ (নির্দিষ্টবাচক বিশেষ্য)ও ২. نَكِرَةٌ (অনির্দিষ্টবাচক বিশেষ্য)

مَعْرِفَةٌ -এর পরিচয় : যে اِسْمٌ দ্বারা নির্দিষ্টভাবে কোনো ব্যক্তি, বস্তু বা অন্য কিছুকে বোঝায়, তাকে مَعْرِفَةٌ (নির্দিষ্টবাচক বিশেষ্য) বলে। যেমন- زَيْدٌ (যায়েদ), اَلْقَلَمُ (কলমটি) ইত্যাদি।

مَعْرِفَةٌ -এর ব্যবহার পদ্ধতি হল-

১. مَعْرِفَةٌ -এর শুরুতে أَل ব্যবহার হয়, কিন্তু শেষে تَنْوِيْنٌ হয় না। যেমন- اَلْقَلَمُ (কলমটি)

২. نَكِرَةٌ- কে مَعْرِفَةٌ করার জন্যে প্রথমে أَل যুক্ত করতে হয়। যেমন- قَلَمٌ থেকে اَلْقَلَمُ

نَكِرَةٌ -এর পরিচয় : যে اِسْمٌ দ্বারা অনির্দিষ্ট কোনো ব্যক্তি, বস্তু বা অন্য কিছুকে বোঝায়, তাকে نَكِرَةٌ (অনির্দিষ্টবাচক বিশেষ্য) বলে। نَكِرَةٌ -এর আলামত হলো, শব্দের শেষে تَنْوِيْنٌ হওয়া। যেমন- كِتَابٌ (একটি বই), قَمِيْصٌ (একটি জামা) ইত্যাদি।

نَكِرَةٌ-কে مَعْرِفَةٌ করার পদ্ধতি : نَكِرَة-কে নিম্নোক্ত পদ্ধতিতে مَعْرِفَةٌ করা যায়। যথা-

১. نَكِرَةٌ শব্দের প্রথমে أَلِفْ وَلَامْ যুক্ত করে। যেমন- اَلرَّجُلُ

২. কোনো نَكِرَةٌ ইসেমকে مَعْرِفَةٌ -এর দিকে إِضَافَةٌ করে যেমন- كِتَابٌ থেকে كِتَابُ اللهِ

গ. বচনভেদে اِسْم তিন প্রকার। যথা–

১. وَاحِدٌ , ২. تَثْنِيَةٌ ও ৩. جَمْعٌ

১. وَاحِدٌ-এর পরিচয় : যে শব্দ দ্বারা একজন ব্যক্তি বা একটি বস্তু বোঝায়, তাকে وَاحِدْ (একবচন) বলে। যেমন– كِتَابٌ -একটি বই।

২. تَثْنِيَةٌ-এর পরিচয় : যে শব্দ দ্বারা দুজন ব্যক্তি বা দুটি বস্তু বোঝায়, তাকে تَثْنِيَةْ (দ্বিবচন) বলে। যেমন- كِتَابَانِ - দুটি বই।

تَثْنِيَةٌ-এর গঠন প্রণালী : وَاحِدْ-এর শেষে ان অথবা ين যুক্ত করে تَثْنِيَةْ গঠন করতে হয়। যেমন-

قَلَمٌ + يْنِ = قَلَمَيْنِ	قَلَمٌ + اَنِ = قَلَمَانِ
رَجُلٌ + يْنِ = رَجُلَيْنِ	رَجُلٌ + اَنِ = رَجُلَانِ

৩. جَمْعٌ-এর পরিচয় : যে শব্দ দ্বারা দুয়ের অধিক ব্যক্তি বা বস্তু বোঝানো হয়, তাকে جَمْع (বহুবচন) বলে। যেমন- كُتُبٌ - অনেক বই।

جَمْع -এর প্রকার : جَمْع প্রথমত দু প্রকার। যথা-

١. اَلْجَمْعُ الْمُكَسَّرُ ও ٢. اَلْجَمْعُ السَّالِمُ

যে جَمْع-এর মাঝে وَاحِدْ-এর ভিত্তি বহাল থেকে যায়, তাকে اَلْجَمْعُ السَّالِمُ বলে এবং যে جَمْع-এর মাঝে وَاحِدْ-এর ভিত্তি ঠিক থাকে না; বরং ভেঙ্গে যায়, তাকে اَلْجَمْعُ الْمُكَسَّر বলে।

وَاحِدْ থেকে اَلْجَمْعُ الْمُكَسَّرُ গঠনের নির্দিষ্ট কোনো নিয়মপদ্ধতি নেই। আরবদের ব্যবহার অনুযায়ী ব্যবহার করা হয়। তবে اَلْجَمْعُ السَّالِمُ গঠনের নির্দিষ্ট নিয়মপদ্ধতি রয়েছে। যথা–

وَاحِدْ-এর শেষে ون ، ين বা ات যুক্ত করে جَمْع سَالِمُ গঠন করতে হয়। ون বা ين দ্বারা গঠিত جَمْع কে جَمْع مُذَكَّرِ سَالِمْ আর ات দ্বারা গঠিত جَمْع কে جَمْع مُؤَنَّثِ سَالِمْ বলে।

وَاحِدْ	اَلْجَمْعُ الْمُكَسَّرُ		وَاحِدْ	اَلْجَمْعُ السَّالِمُ	
رَجُلٌ	رِجَالٌ		عَالِمٌ	عَالِمُوْنَ/ عَالِمِيْنَ	جَمْع مُذَكَّرِ سَالِمْ
مَسْجِدٌ	مَسَاجِدُ		مُدَرِّسٌ	مُدَرِّسُوْنَ / مُدَرِّسِيْنَ	
قَلَمٌ	أَقْلَامٌ		طَالِبَةٌ	طَالِبَاتٌ	جَمْع مُؤَنَّثِ سَالِمْ
غُلَامٌ	غِلْمَانٌ		صَابِرَةٌ	صَابِرَاتٌ	

جَمْع-এর আরো কিছু প্রকার :

١. جَمْع مُنْتَهَى الْجُمُوْعِ : যে جَمْع কে আর جَمْع করা যায় না তাকে جَمْع مُنْتَهَى الْجُمُوْعِ বলে। এ جَمْع-এর ব্যবহৃত দুটি وزن নিম্নে দেয়া হলো-

(الف) مَفَاعِلُ যথা- مَسَاجِدُ

(ب) مَفَاعِيْلُ যথা- مَصَابِيْحُ، مَفَاتِيْحُ

٢. جَمْع مِنْ غَيْرِ لَفْظْ : যে جَمْع-এর নিজস্ব কোনো وَاحِدْ শব্দ নেই; বরং ভিন্ন وَاحِدْ শব্দ রয়েছে, তাকে جَمْع مِنْ غَيْرِ لَفْظ বলে। যথা- نِسَاءٌ থেকে إِمْرَأَةٌ

৩. اِسْمُ الجَمْع : যে وَاحِدٌ-এর শব্দ جَمْعٌ-এর অর্থ প্রদান করে, তাকে اِسْمُ الجَمْع বলে। যেমন- قَوْمٌ - জাতি/গোষ্ঠী, شَعْبٌ - সম্প্রদায় / জাতি, وَفْدٌ - প্রতিনিধি দল ইত্যাদি।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। اِسْمٌ কাকে বলে? উদাহরণ দাও।

২। مُذَكَّرٌ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৩। مُؤَنَّثٌ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৪। مُؤَنَّثٌ -এর আলামত কয়টি কী কী?

৫। مُؤَنَّثٌ কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

৬। مَعْرِفَةٌ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৭। نَكِرَةٌ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৮। وَاحِدٌ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৯। تَثْنِيَةٌ কাকে বলে? উদাহরণসহ লেখ।

১০। جَمْع কাকে বলে? উদাহরণ দাও।

১১। تَثْنِيَةٌ কিভাবে গঠন করতে হয়? উদাহরণসহ লেখ।

১২। جَمْع কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

১৩। নিম্নের শব্দগুলোর কোনটি مَعْرِفَةٌ এবং কোনটি نَكِرَةٌ তা নির্ণয় কর:

هِرَّةٌ - جَوَّالٌ - غُلَامٌ - هٰذَا - رَسُوْلُ اللهِ - غَنَمٌ - اَلْبَقَرَةُ - اَلشَّهْرُ

১৪। নিম্নে বর্ণিত শব্দগুলোর বচন পরিবর্তন কর:

مَفَاتِيْحٌ – طَالِبٌ – أَقْلَامٌ – أَيْدِىْ – مُؤْمِنَاتٌ – مَدْرَسَةٌ – دَرَّاجَةٌ – مَعْهَدٌ – حَقِيْبَاتٌ – بَطْنٌ – بُيُوْتٌ – عُيُوْنٌ .

اَلدَّرْسُ الثَّالِثُ : তৃতীয় পাঠ

اَلْمَوْصُوْفُ وَالصِّفَةُ

মাউসূফ ও সিফাত

নিচের বাক্যগুলোর প্রতি লক্ষ্য কর -

رَأَيْتُ رَجُلًا بَخِيْلاً (আমি একজন কৃপণ লোককে দেখলাম)।

جَاءَنِي طَالِبٌ ذَكِيٌّ (আমার কাছে একজন মেধাবী ছাত্র এলো)।

رَأَيْتُ طِفْلًا نَائِمًا (আমি একজন ঘুমন্ত শিশু দেখলাম)।

উপরের বাক্যগুলোতে ذَكِيٌّ – بَخِيْلٌ ও نَائِمًا শব্দগুলো হলো صِفَةٌ। লক্ষ্য করলে দেখা যায় ذَكِيٌّ শব্দটি তার পূর্বের طَالِبٌ শব্দটির গুণ, بَخِيْلًا শব্দটি তার পূর্বের رَجُلًا শব্দটির দোষ এবং نَائِمًا শব্দটি তার পূর্বের طِفْلًا শব্দটির অবস্থা বর্ণনা করেছে।

সুতরাং যে শব্দ তার পূর্বের শব্দের দোষ, গুণ, অবস্থা বা সংখ্যা ইত্যাদি বর্ণনা করে, তাকে صِفَةٌ বলে এবং যার দোষ, গুণ, অবস্থা বা সংখ্যা বর্ণনা করে, তাকে مَوْصُوْفٌ বলে।

اَلْقَوَاعِدُ

صِفَةٌ ও مَوْصُوْفٌ -এর পরিচয় : مَوْصُوْفٌ শব্দটি اِسْمُ الْمَفْعُوْل -এর সীগাহ। অর্থ- গুণান্বিত, বিশেষিত। আর صِفَةٌ শব্দটি একবচন, বহুবচনে أَوْصَافٌ অর্থ হলো- দোষ, গুণ, বিশেষণ ইত্যাদি। পরিভাষায় যে اِسْم -এর গুণ, দোষ বা অবস্থা বর্ণনা করা হয়, তাকে مَوْصُوْفٌ বলা হয়। আর যে اِسْم দ্বারা অন্য কোনো اِسْم -এর গুণ, দোষ বা অবস্থা বর্ণনা করা হয়, তাকে صِفَةٌ বলা হয়।

যেমন- جَاءَنِي رَجُلٌ عَالِمٌ (আমার নিকট একজন বিদ্বান ব্যক্তি এসেছে)।

উপরিউক্ত উদাহরণে عَالِمٌ শব্দটি দ্বারা رَجُلٌ শব্দটির গুণ বর্ণনা করা হয়েছে। তাই رَجُلٌ শব্দটি এখানে مَوْصُوْفٌ হয়েছে। আর عَالِمٌ শব্দটি এখানে صِفَةٌ হয়েছে।

صِفَةٌ ও مَوْصُوْفٌ-এর হুকুম :

ক. বাক্যে صِفَةٌ পরে বসে এবং مَوْصُوْفٌ আগে বসে। যেমন- قَلَمٌ جَدِيْدٌ - নতুন কলম। এখানে قَلَمٌ হলো مَوْصُوْفٌ এবং جَدِيْدٌ হলো صِفَةٌ

খ. مَوْصُوْفٌ ও صِفَةٌ মিলে مُرَكَّبٌ نَاقِصٌ গঠিত হয়। একে مُرَكَّبٌ تَوْصِيْفِيٌّও বলা হয়।

গ. ১০ টি বিষয়ে صِفَةٌ টি مَوْصُوْف এর অনুরূপ হয়। তা হলো-

১। جَاءَنِيْ رَجُلٌ عَالِمٌ -مَوْصُوْف টি وَاحِدْ হলে صِفَةٌ টিও وَاحِدْ হবে। যেমন

২। جَاءَنِيْ رَجُلَانِ عَالِمَانِ -مَوْصُوْف টি تَثْنِيَة হলে صِفَةٌ টিও تَثْنِيَةٌ হবে। যেমন

৩। جَاءَنِيْ الرِّجَالُ الْعُلَمَاءُ -موصوف টি جَمع হলে صِفَة টিও جمع হবে। যেমন

৪। جَاءَنِيْ مُعَلِّمٌ مَاهِرٌ -مَوْصُوْف টি نَكِرَة হলে صِفَة টিও نَكِرَة হবে। যেমন

৫। جَاءَنِيْ الْمُعَلِّمُ الْمَاهِرُ -مَوْصُوْف টি مَعْرِفَة হলে صفة টিও مَعْرِفَة হবে। যেমন

৬। جَاءَنِيْ اِبْنٌ صَالِحٌ -مَوْصُوْف টি مُذَكَّر হলে صفة টিও مُذَكَّرْ হবে। যেমন

৭। جَاءَتْنِيْ بِنْتٌ صَالِحَةٌ -مَوْصُوْف টি مُؤَنَّث হলে صفة টিও مُؤَنَّثْ হবে। যেমন

৮। هٰذا قَلَمٌ جَدِيْدٌ -مَوْصُوْف টি مَرْفُوْع হলে صفة টিও مَرْفُوْع হবে। যেমন

৯। اِشْتَرَيْتُ قَلَمًا جَمِيْلًا -مَوْصُوْف টি مَنْصُوْب হলে صفة টিও مَنْصُوْب হবে। যেমন

১০। كَتَبْتُ بِقَلَمٍ جَدِيْدٍ -مَوْصُوْف টি مَجْرُوْر হলে صفة টিও مَجْرُوْر হবে। যেমন

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। مَوْصُوْف কাকে বলে? উদাহরণসহ লেখো।

২। صِفَةٌ কাকে বলে? উদাহরণসহ লেখো।

৩। مَوْصُوْف ও صِفَةٌ নির্ণয় কর :

لِبَاسٌ جَمِيْلٌ ، مَاءٌ عَذْبٌ ، دَوَاءٌ مُضِرٌّ ، ضَيْفٌ كَرِيْمٌ ، مَدْرَسَةٌ دِيْنِيَّةٌ ، لَبَنٌ أَبْيَضُ ، مَدْرَسَةٌ اِبْتِدَائِيَّةٌ فَاكِهَةٌ لَذِيْذَةٌ ، حَقِيْبَةٌ صَغِيْرَةٌ ، عِلْمٌ نَافِعٌ .

اَلدَّرْسُ الرَّابِعُ : চতুর্থ পাঠ

اَلضَّمَائِرُ

দমীরসমূহ

নিচের বাক্যগুলোর প্রতি লক্ষ্য কর-

هُوَ تَاجِرٌ	তিনি ব্যবসায়ী।
هُمْ مُسْلِمُوْنَ	তারা মুসলমান।
أَنْتَ طَالِبٌ	তুমি ছাত্র।
أَنْتُمْ مُفْلِحُوْنَ	তোমরা সফলকাম।
أَنَا مُعَلِّمٌ	আমি শিক্ষক।

উপরের উদাহরণগুলোতে লক্ষ্য করলে তুমি দেখতে পাবে যে, প্রতিটি বাক্যে একটি করে শব্দের নিচে দাগ দেয়া হয়েছে। এই দাগ দেয়া শব্দগুলোর প্রতিটি কোনো না কোনো اِسْم -এর পরিবর্তে ব্যবহৃত হয়েছে। যেমন- هُوَ - সে, هُمَا - তারা দুজন, أَنْتُمْ - তোমরা সকলে ইত্যাদি। এ কারণে নিম্নরেখাবিশিষ্ট শব্দগুলোকে ضَمَائِرُ বলে।

اَلْقَوَاعِدُ

ضَمِيْر-এর পরিচয় : ضَمِيْر শব্দটি একবচন। বহুবচনে ضَمَائِرُ অর্থ- সর্বনাম। পরিভাষায় اِسْم -এর পরিবর্তে যে শব্দ ব্যবহার হয়, তাকে ضَمِيْر বলা হয়। আর اِسْم -এর পরিবর্তে ব্যবহৃত সব ضَمِيْر-কে একত্রে ضَمَائِرْ বলে। যেমন- جِئْتُ أَنَا وَزَيْدٌ (যায়েদ ও আমি এসেছি।) এখানে أنا শব্দটি ضَمِيْر সর্বনাম।

ضَمِيْر-এর প্রকার : ضَمِيْر প্রথমত তিন প্রকার। যথা-

১. ضَمِيْرٌ مَرْفُوْعٌ : যে ضَمِيْر কর্তৃকারক হিসেবে ব্যবহৃত হয়, অর্থাৎ رفع-এর স্থলে বসে তাকে ضَمِيْرٌ مَرْفُوْعٌ (কর্তৃকারকের সর্বনাম) বলে।

যথা- قُلْتُ এখানে ت হলো ضَمِيْر مَرْفُوْع এবং هُوَ أَخِيْ এখানে هُوَ হলো ضَمِيْر مَرْفُوْع

২. ضَمِيْرٌ مَنْصُوْبٌ: যে ضَمِيْر কর্মকারক হিসেবে ব্যবহৃত হয়, অর্থাৎ نصب-এর স্থলে বসে, তাকে ضَمِيْرٌ مَنْصُوْبٌ (কর্মকারকের সর্বনাম) বলে।

যথা- نَصَرْتُ إِيَّاهُ এখানে إِيَّاهُ হলো ضَمِيْرٌ مَنْصُوْبٌ

৩. ضَمِيْرٌ مَجْرُوْرٌ : যে ضَمِيْر حَرْفُ جَارْ- অথবা مُضَاف এর পরে বসে, অর্থাৎ جر এর স্থলে পতিত হয়, তাকে ضَمِيْرٌ مَجْرُوْرٌ (সমন্ধসূচক সর্বনাম) বলে।

যথা- سَلَّمْتُ عَلَيْهِ এখানে هِ হলো ضَمِيْرٌ مَجْرُوْرٌ

ব্যবহারের অবস্থার দিক থেকে ضَمِيْرٌ আবার দু প্রকার। যথা-

১. ضَمِيْرٌ مُتَّصِلٌ: যে ضَمِيْر কোনো اِسْم – فِعْل ও حَرْف এর সাথে মিলিত হয়ে ব্যবহৃত হয়, তাকে ضَمِيْرٌ مُتَّصِلٌ (সংযুক্ত সর্বনাম) বলে।

যথা- قَلَمُهُ ، لَنَا ، يَأْمُرُكُمْ ، كَتَبْتُ

২. ضَمِيْرٌ مُنْفَصِلٌ: যে ضَمِيْر কোনো اِسْم – فِعْل ও حَرْف এর সাথে যুক্ত হয় না; বরং আলাদাভাবে ব্যবহৃত হয়, তাকে ضَمِيْرٌ مُنْفَصِلٌ (বিচ্ছিন্ন সর্বনাম) বলে।

যথা- إِيَّاكَ نَعْبُدُ ، هُوَ عَالِمٌ

অতএব ضَمِيْر মোট পাঁচ প্রকার। যথা-

১- ضَمِيْرٌ مَرْفُوْعٌ مُتَّصِلٌ
২- ضَمِيْرٌ مَرْفُوْعٌ مُنْفَصِلٌ
৩- ضَمِيْرٌ مَنْصُوْبٌ مُتَّصِلٌ
৪- ضَمِيْرٌ مَنْصُوْبٌ مُنْفَصِلٌ
৫- ضَمِيْرٌ مَجْرُوْرٌ مُتَّصِلٌ



নিম্নে বিভিন্ন প্রকারের ضَمِيْر উল্লেখ করা হলো-

ضَمِيْر مَرْفُوْع مُنْفَصِلْ	ضَمِيْر مَرْفُوْع مُتَّصِلْ		অর্থ
هُوَ	فَعَلَ	....	সে (একজন পুরুষ)
هُمَا	فَعَلَا	ا	তারা (দুজন পুরুষ)
هُمْ	فَعَلُوْا	وَا	তারা (সকল পুরুষ)
هِيَ	فَعَلَتْ	تْ	সে (একজন স্ত্রী)
هُمَا	فَعَلَتَا	ا	তারা (দুজন স্ত্রী)
هُنَّ	فَعَلْنَ	نَ	তারা (সকল স্ত্রী)
أَنْتَ	فَعَلْتَ	تَ	তুমি (একজন পুরুষ)
أَنْتُمَا	فَعَلْتُمَا	تُمَا	তোমরা (দুজন পুরুষ)
أَنْتُمْ	فَعَلْتُمْ	تُمْ	তোমরা (সকল পুরুষ)
أَنْتِ	فَعَلْتِ	تِ	তুমি (একজন স্ত্রী)
أَنْتُمَا	فَعَلْتُمَا	تُمَا	তোমরা (দুজন স্ত্রী)
أَنْتُنَّ	فَعَلْتُنَّ	تُنَّ	তোমরা (সকল স্ত্রী)
أَنَا	فَعَلْتُ	تُ	আমি (একজন পু/স্ত্রী)
نَحْنُ	فَعَلْنَا	نَا	আমরা (দুজন/সকল পুরুষ/স্ত্রী)

ضَمِيْر مَجْرُوْر مُتَّصِلْ		ضَمِيْر مَنْصُوْبِ		
অর্থ	مَجْرُوْر مُتَّصِلْ	অর্থ	مُنْفَصِلْ	مُتَّصِلْ
তার আছে (পুং)	لَهُ	তাকে (পুং)	إِيَّاهُ	نَصَرَهُ
তাদের দুজনের আছে (পুং)	لَهُمَا	তাদের দুজনকে (পুং)	إِيَّاهُمَا	نَصَرَهُمَا
তাদের সকলের আছে (পুং)	لَهُمْ	তাদের সকলকে (পুং)	إِيَّاهُمْ	نَصَرَهُمْ
তার আছে (স্ত্রী)	لَهَا	তাকে (স্ত্রী)	إِيَّاهَا	نَصَرَهَا
তাদের দুজনের আছে (স্ত্রী)	لَهُمَا	তাদের দুজনকে (স্ত্রী)	إِيَّاهُمَا	نَصَرَهُمَا
তাদের সকলের আছে (স্ত্রী)	لَهُنَّ	তাদের সকলকে (স্ত্রী)	إِيَّاهُنَّ	نَصَرَهُنَّ
তোমার আছে (পুং)	لَكَ	তোমাকে (পুং)	إِيَّاكَ	نَصَرَكَ
তোমাদের দুজনের আছে (পুং)	لَكُمَا	তোমাদের দুজনকে (পুং)	إِيَّاكُمَا	نَصَرَكُمَا
তোমাদের সকলের আছে (পুং)	لَكُمْ	তোমাদের সকলকে (পুং)	إِيَّاكُمْ	نَصَرَكُمْ
তোমার আছে (স্ত্রী)	لَكِ	তোমাকে (স্ত্রী)	إِيَّاكِ	نَصَرَكِ
তোমাদের দুজনের আছে (স্ত্রী)	لَكُمَا	তোমাদের দুজনকে (স্ত্রী)	إِيَّاكُمَا	نَصَرَكُمَا
তোমাদের সকলের আছে (স্ত্রী)	لَكُنَّ	তোমাদের সকলকে (স্ত্রী)	إِيَّاكُنَّ	نَصَرَكُنَّ
আমার আছে (পুং/স্ত্রী)	لِيْ	আমাকে (পুং/স্ত্রী)	إِيَّايَ	نَصَرَنِيْ
আমাদের আছে (পুং/স্ত্রী)	لَنَا	আমাদেরকে (পুং/স্ত্রী)	إِيَّانَا	نَصَرَنَا

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। ضَمِيْر কাকে বলে? উদাহরণসহ লেখ।

২। ضَمِيْر مَرْفُوْع مُنْفَصِلْ কয়টি? ধারাবাহিকভাবে ضَمِيْر গুলো লেখ।

৩। ضَمِيْر مَجْرُوْرِ مُتَّصِلْ কয়টি ও কী কী? লেখ।

৩। কোনোটি কোনো ضَمِيْر লেখ।

لَـهَا ، لَنَا ، أَنْتَ ، نَصَرَكَ ، ضَرَبَنَا ، هُوَ ، إِيَّاكُمْ ، أَنْتُنَّ ، ضَرَبَهُمْ ، لَـهُمَا .

اَلدَّرْسُ الْخَامِسُ : পঞ্চম পাঠ

أَدَوَاتُ الْاِسْتِفْهَامِ

ইসতিফহামের হরফসমূহ

নিচের বাক্যগুলোর প্রতি লক্ষ্য কর-

১. مَنْ أَنْتَ؟ (তুমি কে?)

২. أَيُّ كِتَابٍ تُرِيْدُ؟ (তুমি কোন বইটি চাও?)

৩. كَيْفَ تُسَافِرُ؟ (তুমি কিভাবে সফর করবে?)

৪. أَيَّانَ تُسَافِرُ؟ (তুমি কখন সফর করবে?)

৫. مَتٰى تَذْهَبُ؟ (তুমি কখন যাবে?)

৬. كَمْ طَالِبًا فِى الصَّفِّ؟ (ক্লাসে কতজন ছাত্র আছে?)

৭. أَنّٰى لَكَ هٰذَا؟ (তোমার জন্যে এটা কোথা থেকে আসলো?)

৮. مَا تُرِيْدُ؟ (তুমি কী চাও?)

৯. مَاذَا تُرِيْدُ؟ (তুমি কী চাও?)

১০. أَيْنَ تَذْهَبُ (তুমি কোথায় যাবে?)

১১. أَ تَذْهَبُ إِلَى الْمَدْرَسَةِ؟ (তুমি কি মাদ্রাসায় যাবে?)

১২. هَلْ لَكَ قَلَمٌ؟ (তোমার কি কলম আছে?)

দেখা গেলো যে, উপরের বাক্যগুলোতে مَنْ ؛ أَيُّ ؛ كَيْفَ؛ أَيَّانَ ؛ مَتٰى ؛ كَمْ ؛ أَنّٰى؛ مَا ؛ مَاذَا ؛ أَ ও أَيْنَ ؛ هَلْ-এ বারোটি শব্দ দ্বারা প্রশ্ন করা হয়েছে। অতএব, যে সব শব্দ দ্বারা প্রশ্ন করা হয়, তাদেরকে أَدَوَاتُ الْاِسْتِفْهَامِ বলা হয়। এগুলোর মধ্যে أَيُّ হলো مُعْرَبْ বাকিগুলো হলো مَبْنِي। তাছাড়া প্রথম দশটি اِسْمٌ ও শেষ দুটি حَرْفٌ -এর অন্তর্ভুক্ত।

اَلْقَوَاعِدُ

أَدَوَاتُ الْاِسْتِفْهَامِ -এর পরিচয় : যেসব শব্দ দ্বারা কোনো কিছু সম্পর্কে প্রশ্ন করা হয়, উহাদেরকে أَدَوَاتُ الْاِسْتِفْهَامِ বলে। أَدَوَاتُ الْاِسْتِفْهَامِ সাধারণত বাক্যের প্রথমে বসে। যেমন–

لِمَاذَا غِبْتَ بِالْأَمْسِ؟ - তুমি কেন গতকাল অনুপস্থিত ছিলে?

كَمْ طَالِبًا فِي فَصْلِكَ؟ - তোমার ক্লাসে কতজন ছাত্র?

لِمَنْ هٰذَا الْقَلَمُ؟ - এ কলমটি কার?

أَدَوَاتُ الْاِسْتِفْهَامِ বারোটি। যথা-

১	مَنْ - কে? لِمَنْ - কার?	৪	كَمْ - কত?	৭	كَيْفَ - কেমন?	১০	أَيَّانَ - কখন?
২	مَتٰى - কখন?	৫	هَلْ - কি?	৮	أَيٌّ - কোনটি?	১১	هَلْ/أ - কি?
৩	مَا/مَاذَا - কী?	৬	لِمَ/لِمَاذَا -কেন?	৯	أَيْنَ - কোথায়?	১২	أَنّٰى - কোথা থেকে?

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। أَدَوَاتُ الْاِسْتِفْهَامِ কাকে বলে? উদাহরণসহ লেখ।

২। যে কোনো পাঁচটি أَدَوَاتُ الْاِسْتِفْهَامِ অর্থসহ লেখ।

৩। أَدَوَاتُ الْاِسْتِفْهَامِ কয়টি ও কী কী? উদাহরণসহ লেখ।

৪। নিচের বাক্যগুলো থেকে أَدَوَاتُ الْاِسْتِفْهَامِ খুঁজে বের কর :

أَيْنَ تَذْهَبُ ؟ أَكَرِيْمٌ قَائِمٌ ؟ مَا تُرِيْدُ ؟ هَلْ مِنْ مَزِيْد؟ مَا اِسْمُكَ ؟ هَلْ تَرَاهُ ؟ أَنّٰى لَكَ هٰذَا؟ هَلْ خَرَجَ بَكْرٌ؟ مَاذَا تُرِيْدُ؟ مَنْ أَنْتَ ؟

اَلدَّرْسُ السَّادِسُ : ষষ্ঠ পাঠ

أَسْمَاءُ الْإِشَارَةِ

ইসমে ইশারাসমূহ

নিচের উদাহরণগুলোর প্রতি লক্ষ্য কর–

هٰذَا قَلَمٌ (এটি একটি কলম)। ذٰلِكَ كِتَابٌ (ঐ একটি বই)।

هٰذَانِ قَلَمَانِ (এই দুটি কলম)। ذٰنِكَ كِتَابَانِ (ঐ দুটি বই)।

هٰذِهِ أَقْلَامٌ (এগুলো কলম)। تِلْكَ كُتُبٌ (ঐগুলো বই)।

উপরের বাক্যগুলোর প্রতি লক্ষ্য করলে দেখা যায় هٰذَا – هٰذَانِ – هٰذِهِ – ذٰلِكَ – ذٰنِكَ – تِلْكَ ইত্যাদি শব্দ দ্বারা নির্দিষ্ট ব্যক্তি বা বস্তুর দিকে ইঙ্গিত করা হয়েছে। যে সকল اِسْم দ্বারা কোনো ব্যক্তি, বস্তু বা অন্য কোনো কিছুর প্রতি ইঙ্গিত করা হয়, উহাদেরকে أَسْمَاءُ الْإِشَارَةِ বলে।

اَلْقَوَاعِدُ

أَسْمَاءُ الْإِشَارَةِ -এর পরিচয় : যেসব اِسْم নিকটের কিংবা দূরের ব্যক্তি বা বস্তুর প্রতি ইঙ্গিত করে, তাদেরকে أَسْمَاءُ الْإِشَارَةْ বলে। যেমন- هٰذَا مَسْجِدٌ (এটি একটি মসজিদ)। এ বাক্যে هٰذَا নিকটবর্তী অর্থ বোঝায় এবং ذٰلِكَ مَسْجِدٌ (ঐটি একটি মসজিদ)। বাক্যে ذٰلِكَ দূরবর্তী অর্থ বোঝায়।

أَسْمَاءُ الْإِشَارَةْ দু প্রকার। যথা–

১। أَسْمَاءُ الْإِشَارَةِ لِلْقَرِيْبْ : যে اِسْم নিকটবর্তী কোনো ব্যক্তি বা বস্তুর প্রতি ইঙ্গিত করে, উহাদেরকে أَسْمَاءُ الْإِشَارَةِ لِلْقَرِيْبْ বলে। যেমন– هٰذَا أَخِيْ (এ আমার ভাই)।

২। أَسْمَاءُ الْإِشَارَةِ لِلْبَعِيْدْ: যেসব اِسْم দূরবর্তী কোনো ব্যক্তি বা বস্তুর প্রতি ইঙ্গিত করে, উহাদেরকে أَسْمَاءُ الْإِشَارَةِ لِلْبَعِيْدْ বলে। যেমন– ذٰلِكَ كِتَابٌ (ঐটি একটি বই)।

أَسْمَاءُ الْإِشَارَةْ -এর সংখ্যা : أَسْمَاءُ الْإِشَارَةْ মোট ১২টি। যথা–

লিঙ্গ	أَسْمَاءُ الْإِشَارَةِ لِلْقَرِيْبْ		أَسْمَاءُ الْإِشَارَةِ لِلْبَعِيْدْ	
مُذَكَّرٌ (পুরুষ বাচক)	هٰذَا	এটা	ذٰلِكَ	ঐটি
	هٰذَانِ	এ দুটি	ذٰنِكَ	ঐ দুটি
	هٰؤُلَاءِ	এগুলো	أُوْلٰئِكَ	ঐগুলো
مُؤَنَّثْ (স্ত্রী বাচক)	هٰذِهِ	এটি	تِلْكَ	ঐটি
	هَاتَانِ	এ দুটি	تَانِكَ	ঐ দুটি
	هٰؤُلَاءِ	এগুলো	أُوْلٰئِكِ	ঐগুলো

اِسْمُ الْإِشَارَةِ-এর ব্যবহারবিধি :

১। اِسْمُ الْإِشَارَةِ সব সময় مُشَارٌ إِلَيْهِ তথা তার পরবর্তী শব্দ অনুযায়ী ব্যবহার হবে। অর্থাৎ, مذكر-এর জন্যে اِسْمُ الْإِشَارَةِ টিও مُذَكَّرٌ হয় এবং مُؤَنَّثْ -এর জন্যে اِسْمُ الْإِشَارَةِ -টিও مُؤَنَّثْ হয়। যেমন- هٰذَا كِتَابٌ (এটা একটি বই) , هٰذِهِ كُرَّاسَةٌ (এটি একটি খাতা)।

২। বচনভেদে مُشَارٌ إِلَيْهِ একবচনের ক্ষেত্রে اِسْمُ الْإِشَارَةِ -টি একবচনের হয় এবং مُشَارٌ إِلَيْهِ টি যদি تَثْنِيَةْ বা جَمْع হয় তাহলে اِسْمُ الْإِشَارَةِ টিও تَثْنِيَةْ বা جَمْع হয়। যেমন-

هٰذِهِ الطَّالِبَةُ مُسَافِرَةٌ	هٰذَا الْكِتَابُ جَدِيْدٌ
هَاتَانِ الطَّالِبَتَانِ مُسَافِرَتَانِ	هٰذَانِ الْكِتَابَانِ جَدِيْدَانِ
هٰؤُلَاءِ الطَّالِبَاتُ مُسَافِرَاتٌ	هٰؤُلَاءِ الطُّلَّابُ مُسَافِرُوْنَ

উল্লেখ্য, عَاقِلْ এর جمع এর জন্যে অধিকাংশ সময় هٰؤُلَاءِ ও أُوْلٰئِكَ ব্যবহৃত হয়। তবে কখনো কখনো عَاقِلْ এর جَمْع مُكَسَّر এর ক্ষেত্রে تِلْكَ ও ব্যবহার হয়ে থাকে। যথা– تِلْكَ الرُّسُلُ

غَيْرُ عَاقِلٍ-এর جمع-এর জন্যে هٰذِهِ ও تِلْكَ ব্যবহৃত হয়। যেমন–

هٰذِهِ الْأَشْجَارُ ، تِلْكَ الْأَشْجَارُ

عَاقِلٌ বলতে যাদের বুদ্ধি আছে তাদেরকে বোঝায়। যেমন: جِنٌّ ، إِنْسَانٌ
আর غَيْرُ عَاقِلٍ বলতে যাদের বুদ্ধি নেই তাদেরকে বোঝায়। যেমন: شَجَرَةٌ ، ثَمَرَةٌ

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। أَسْمَاءُ الإِشَارَةْ কাকে বলে? উদাহরণসহ লেখ।

২। أَسْمَاءُ الإِشَارَةْ কত প্রকার ও কী কী? উদাহরণ দাও।

৩। أَسْمَاءُ الإِشَارَةْ لِلْقَرِيْبِ কাকে বলে? উহা কয়টি? লেখ।

৪। أَسْمَاءُ الإِشَارَةْ لِلْبَعِيْدِ কাকে বলে? উহা কয়টি? লেখ।

৫। أَسْمَاءُ الإِشَارَةْ কয়টি ও কী কী?

৬। নিম্নের قريب اسم الإشارة গুলো بعيد اسم الإشارة দ্বারা পরিবর্তন করে লেখ।

	مؤنث غير عاقل	مذكر غير عاقل	مؤنث عاقل	مذكر عاقل
وَاحِدْ	هٰذِهِ الشَّجَرَةِ	هٰذَا الْكِتَابُ	هٰذِهِ الْمَرْأَةُ	هٰذَا الرَّجُلُ
تَثْنِيَةْ	هَاتَانِ الشَّجَرَتَانِ	هَذَانِ الْكِتَابَانِ	هَاتَانِ الْمَرْأَتَانِ	هٰذَانِ الرَّجُلَانِ
تَثْنِيَةْ	هَاتَيْنِ الشَّجَرَتَيْنِ	هَذَيْنِ الْكِتَابَيْنِ	هَاتَيْنِ الْمَرْأَتَيْنِ	هٰذَيْنِ الرَّجُلَيْنِ
جَمْع	هٰذِهِ الْأَشْجَارُ	هٰذِهِ الْكُتُبُ	هٰؤُلَاءِ النِّسَاءُ	هٰؤُلَاءِ الرِّجَالُ

اَلدَّرْسُ السَّابِعُ : সপ্তম পাঠ

اَلْأَسْمَاءُ الْمَوْصُوْلَةُ

আল-আসমাউল মাউসুলাহ

নিচের বাক্যগুলোর প্রতি লক্ষ্য কর -

اَلَّذِيْ جَاءَ أَمْسِ هُوَ عَمِّيْ (যিনি গতকাল এসেছিলেন, তিনি আমার চাচা)।

اَلَّذِيْنَ خَرَجُوْا مِنَ الْبَيْتِ هُمْ إِخْوَتِيْ (যারা ঘর থেকে বেরিয়েছে তারা আমার ভাই)।

هٰذَا هُوَ الْكِتَابُ الَّذِيْ أَخَذْتُ مِنْكَ (এটা সে কিতাব যেটা আমি তোমার নিকট থেকে নিয়েছি)।

هٰؤُلَاءِ هُمُ الطُّلَّابُ الَّذِيْنَ دَرَّسْتُهُمْ (এরা ঐ সমস্ত ছাত্র যাদেরকে আমি শিক্ষা দিয়েছি)।

উপরের বাক্যগুলোর প্রথম বাক্যে اَلَّذِيْ অর্থ যে, দ্বিতীয় বাক্যে اَلَّذِيْنَ অর্থ যারা, তৃতীয় বাক্যে اَلَّذِيْ অর্থ যেটা এবং চতুর্থ বাক্যে اَلَّذِيْنَ অর্থ যাদেরকে, এগুলো اَلْأَسْمَاءُ الْمَوْصُوْلَةُ বলে।

اَلْقَوَاعِدُ

اَلْاِسْمُ الْمَوْصُوْلُ-এর পরিচয় : যারা, যিনি, যাকে, যাদেরকে বা যেটা ও যেগুলো ইত্যাদি শব্দ বোঝানোর জন্যে আরবি ভাষায় যে সব শব্দ ব্যবহার করা হয়, সেগুলোকে اَلْأَسْمَاءُ الْمَوْصُوْلَةُ বলে।

مُؤَنَّث - مُذَكَّر ও جَمع - تَثْنِيَة - وَاحِدْ এর জন্যে নির্দিষ্ট أَسْمَاءُ الْمَوْصُوْلِ রয়েছে। নিম্নে তা পেশ করা হলো–

اَلْجِنْسُ (লিঙ্গ)	اَلْوَاحِدُ(একচন)	اَلتَّثْنِيَةُ (দ্বিবচন)	اَلْجَمْعُ(বহুচন)
مُذَكَّرْ (পুরুষ বাচক)	اَلَّذِيْ (যে, যার একজন পুং)	اَللَّذَانِ ، اَللَّذَيْنِ (যে, যার দুজন পুং)	اَلَّذِيْنَ (যার, যাদের পুং)
مُؤَنَّثْ (স্ত্রী বাচক)	اَلَّتِي (যে, যার একজন স্ত্রী)	اَللَّتَانِ ، اَللَّتَيْنِ (যে, যার দুজন স্ত্রী)	اَللَّاتِيْ ، اَللَّوَاتِيْ (যার, যাদের স্ত্রী)

এটা ছাড়া আরো কয়েকটি শব্দ রয়েছে, যেগুলো কখনো أَسْمَاءُ الْمَوْصُوْلِ অর্থে, কখনো অন্য অর্থে ব্যবহৃত হয়। তার মধ্যে مَنْ ও مَا অন্যতম। যেমন–

১। مَنْ : أَعْرِفُ مَنْ تَكَلَّمَ مَعَكَ (তোমার সাথে যে কথা বললো তাকে আমি চিনি)।

২। مَا : قَرَأْتُ مَا فِي الْكِتَابِ (বইটিতে যা আছে তা আমি পড়লাম)।

বি.দ্র. ১। مَن শব্দটি عَاقِلْ এর জন্যে এবং مَا শব্দটি غَيْرُ عَاقِلْ এর জন্যে ব্যবহৃত হয়।

২। غَيْرُ عَاقِلٍ এর جمع এর ক্ষেত্রে প্রায় اَلَّتِي ব্যবহৃত হয়ে থাকে এবং عَاقِلْ এর جمع এর জন্য اَلَّذِيْنَ – اَللَّاتِيْ – اَللَّوَاتِيْ ব্যবহৃত হয়।

৩। اِسْمُ الْمَوْصُوْل : ضَمِيْرُ الصِّلَةْ ও صِلَةُ الْمَوْصُوْل এর পর একটা বাক্য অবশ্যই উল্লেখ করা হয়, ঐ বাক্যটিকে صِلَةُ الْمَوْصُوْل বলা হয় এবং বাক্যের মাঝে একটি ضَمِيْر থাকে, যা পূর্বের اِسْمُ الْمَوْصُوْل-এর দিকে প্রত্যাবর্তন করে, তাকে ضَمِيْرُ الصِّلَةْ বলে।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। اِسْمُ الْمَوْصُوْل কাকে বলে?

২। مَنْ ও ما এর মাঝে পার্থক্য নির্ণয় কর।

৩। عَاقِلْ এর جَمْع এর জন্যে কোনো اِسْمُ الْمَوْصُوْل ব্যবহার হয়? লেখ।

৪। اِسْمُ الْمَوْصُوْل-এর পর যে جملة টি আসে ঐ جُمْلَة টির নাম কী? এবং جُمْلَةْ এর মাঝে যে ضَمِيْر থাকে, তার নাম কী?

৫। নিচের ইবারত থেকে اِسْمُ الْمَوْصُوْل বের কর:

مَنْ أَنْتَ ؟ اَلَّذِيْ ضَرَبَكَ هُوَ أَخُوْ زَيْدٍ . اَلَّذِيْ جَاءَ هُوَ رَجُلٌ عَالِمٌ . اَلَّذِيْنَ كَفَرُوْا هُمُ الظَّالِمُوْنَ. اَلَّذِيْ يَجْتَهِدُ هُوَ قَائِمٌ. اَلَّذِيْ تَكَلَّمَ هُوَ أَخُوْ زَيْدٍ. اَلَّذِيْ نَصَرَكَ هُوَ أَخِيْ، مَنْ قَامَ هُوَ صَدِيْقِيْ .

اَلدَّرْسُ الثَّامِنُ : অষ্টম পাঠ

اَلْإِضَـافَـــةُ

ইযাফাত

নিচের উদাহরণগুলির প্রতি লক্ষ্য কর–

(أَلف)	(ب)
شَعْرٌ (চুল)	شَعْرُ الرَّأْسِ (মাথার চুল)।
كِتَابٌ (বই)	كِتَابُ خَالِدٍ (খালিদের বই)।
كَاتِبٌ (লেখক)	كَاتِبُ الرِّسَالَةِ (চিঠির লেখক)।

উপরের أَلف অংশের اسم সমূহ একক। অন্য কোনো اسم এর সাথে তাদের সম্বন্ধ নেই। কিন্তু ب অংশেও এ اسم গুলো রয়েছে তবে একক নয়; বরং شَعْرٌ শব্দটি اَلرَّأْسُ এর সাথে, كِتَابٌ শব্দটি خَالِدٌ এর সাথে এবং كَاتِبٌ শব্দটি اَلرِّسَالَةُ এর সাথে সম্বন্ধ যুক্ত হয়েছে।

এভাবে একটি اسم অন্য একটি اسم এর সাথে সম্বন্ধ যুক্ত হওয়াকে نَـحْوٌ-এর পরিভাষায় إِضَافَةْ বলা হয়। যাকে সম্বন্ধ যুক্ত করা হয় তাকে مُضَافْ এবং যার সাথে সম্বন্ধ করা হয় তাকে مُضَافٌ إِلَيْهِ বলে। তাহলে বোঝা গেলো, شَعْرُ –كِتَابُ ও كَاتِبُ শব্দসমূহ مُضَافْ এবং مُضَافٌ إِلَيْهِ শব্দসমূহ اَلرِّسَالَةُ ও خَالِدٌ – اَلرَّأْسُ

اَلْقَوَاعِدُ

إِضَافَةْ-এর পরিচয় :

বাক্যে একটি اِسْم -এর সাথে অপর একটি اِسْم -এর সম্বন্ধ স্থাপন করাকে إِضَافَةْ বলে। প্রথম শব্দকে مُضَـافْ এবং দ্বিতীয় শব্দকে مُضَـافٌ إِلَيْـهِ বলে। যেমন– كِتَـابُ زَيْـدٍ (যায়েদের কিতাব)। এখানে كِتَابٌ হলো مُضَافْ এবং زَيْدٌ হলো مُضَافٌ إِلَيْهِ।

مُضَافْ ও مُضَافْ إِلَيْهِ চেনার সহজ পদ্ধতি : আরবি থেকে বাংলায় অনুবাদ করার সময় দুটি শব্দের মাঝে 'র' অথবা 'এর' আসলে বুঝতে হবে, শব্দ দুটির মাঝে إِضَافَةْ-এর সম্পর্ক রয়েছে। এদের একটি مُضَافْ এবং অপরটি مُضَافْ إِلَيْهِ।

(ألف) مُضَافْ + مُضَافْ إِلَيْهِ		(ب) مُضَافْ + مُضَافْ إِلَيْهِ	
دُمُوْعُ	الْعَيْنِ	চোখের	পানি
وَرَقُ	الشَّجَرَةِ	গাছের	পাতা
سَمَكُ	اَلْبَحْرِ	সমুদ্রের	মাছ

আরবি ভাষায় مُضَافْ প্রথমে এবং مُضَافْ إِلَيْهِ পরে আসে; কিন্তু বাংলা ভাষায় مُضَافْ إِلَيْهِ প্রথমে এবং مُضَافْ পরে আসে।

مُضَافْ ও مُضَافْ إِلَيْهِ এর কতিপয় নিয়ম :

১। إِضَافَةٌ করার সময় مُضَافْ এর تَنْوِيْنٌ পড়ে যায়। যেমন- قَلَمٌ থেকে قَلَمُ بَكْرٍ

২। إِضَافَةٌ করার সময় مُضَافْ এর أل বিলুপ্ত হয়ে যায়। যেমন- اَلْقَلَمُ থেকে قَلَمُ فَاطِمَةَ

৩। مُضَافْ إِلَيْهِ সর্বদা যেরবিশিষ্ট হয়। যেমন– قَلَمُ الرَّجُلِ ، قَلَمُ رَجُلٍ

৪। عَامِلْ অনুসারে مُضَافْ এর বিভিন্ন প্রকারের إِعْرَابٌ হয়। যেমন–

هٰذَا قَلَمُ خَالِدٍ ، إِنَّ قَلَمَ خَالِدٍ جَدِيْدٌ ، كَتَبْتُ بِقَلَمِ خَالِدٍ.

৫। مُضَافْ ও مُضَافْ إِلَيْهِ মিলে পূর্ণ বাক্য হয় না, বরং বাক্যের অংশ হয়।

৬। مُضَافْ কখনো اِسْمُ جَامِدٍ হয়। কখনো اِسْمُ مُشْتَقْ তথা صِيْغَةُ الصِّفَةِ হয়। আবার কখনো مَعْرِفَةْ হয়। আবার কখনো نَكِرَةْ হয়। কখনো اِسْمُ ظَاهِرْ হয়। কখনো ضَمِيْرْ হয়। যেমন–

